

NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী

এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ
একদিন
Website : www.ekdinnews.com
http://youtube.com/@dailyekdin2165
Epaper : ekdin-epaper.com
দেখুন
শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

২ ‘জামিন ছাড়াই পুলিশ কনভয়ে কলকাতা যাত্রা’

পশ্চিমবঙ্গ সংখ্যালঘু কমিশনে এবার দু’জন ভাইস-চেয়ারপার্সন ২

কলকাতা ১৪ জুন ২০২৫ ৩০ জ্যৈষ্ঠ ১৪৩২ শনিবার উনবিংশ বর্ষ ৫ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 14.06.2025, Vol.19, Issue No. 5, 8 Pages, Price 3.00

# হাসপাতালে হাহাকার, স্বজনহারার আর্তনাদে ভারী আমদাবাদের বাতাস

## উদ্ধার ব্ল্যাক বক্স, সংগ্রহ নমুনা

**আমদাবাদ, ১৩ জুন:** এয়ার ইন্ডিয়ার দুর্ঘটনাগ্রস্ত অভিশপ্ত বিমানের ব্ল্যাক বক্স অবশেষে মিলেছে। আমদাবাদের মেঘানিনগরে চিকিৎসকদের যে হস্টেলে বিমানটি ভেঙে পড়েছিল, তার ছাদ থেকে শুক্রবার উদ্ধার হয়েছে সেই ব্ল্যাক বক্স। এমনটাই জানিয়েছে কেন্দ্রীয়



অসামরিক বিমান পরিবহণ মন্ত্রকের একটি সূত্র। এই ব্ল্যাক বক্সের নথির তথ্য বিশ্লেষণ করে দুর্ঘটনার সম্ভাব্য কারণ জানা যাবে বলে মনে করা হচ্ছে। এএআইবি-র এক দল এবং গুজরাত সরকারের ৪০ জন কর্মীর একটি দল একসঙ্গে মিলে তল্লাশি অভিযান চালিয়ে ওই ‘ডিজিটাল ফ্লাইট ডেটা রেকর্ডার’ তথা ডিএফডিআর অর্থাৎ ব্ল্যাক বক্স উদ্ধার করেছে বলে জানা গিয়েছে।

উল্লেখ্য, আমদাবাদের দুর্ঘটনার ভিত্তিতে ইতিমধ্যেই তদন্তে নেমেছে এএআইবি বা বিমান দুর্ঘটনা তদন্তকারী ব্যুরো। দেশের আকাশ সীমায় হওয়া যে কোনওরকমের বিমান দুর্ঘটনার তদন্তের দায়িত্ব থাকে তাদের উপরেই। বৃহস্পতিবার রাত থেকেই তারা তদন্তে নেমেছে বলে জানিয়েছেন

■ এরপর ২-এর পাতায়

## ধ্বংসস্তূপ ঘুরে শোকাহত নমো

**আমদাবাদ, ১৩ জুন:** আমদাবাদে ভয়াবহ বিমান দুর্ঘটনায় সবমিলিয়ে অন্তত ২৯৭ জনের মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে। একজন যাত্রী ছাড়া বিমানে থাকা সকলেরই মৃত্যু হয়েছে। এছাড়াও যে মেডিক্যাল কলেজের হস্টেলের উপর বিমানটি আছড়ে পড়েছিল সেখানেও অন্তত ৫৬ জনের মৃত্যু হয়েছে বলে খবর। মর্মান্তিক ঘটনার পর শুক্রবারই আমদাবাদ যান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বিমান দুর্ঘটনায় আহতদের সঙ্গে দেখা করতে সিভিল হাসপাতালে যান প্রধানমন্ত্রী মোদী। দেখা করেন বিমান দুর্ঘটনায় আপাতত খুঁজে পাওয়া একমাত্র জীবিতের সঙ্গেও। শুক্রবার সকালে প্রধানমন্ত্রীকে আমদাবাদ বিমানবন্দরে আনতে যান গুজরাতের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল, কেন্দ্রীয় মন্ত্রী সিআর পাতিল এবং গুজরাতের স্বরাষ্ট্রমন্ত্রী হর্ষ সাঙ্ঘভি।

বিপর্যয়ে দুর্গতদের সঙ্গে সাক্ষাতের পর প্রধানমন্ত্রী পৌঁছে যান দুর্ঘটনাস্থলে। ধ্বংসস্তূপের দৃশ্য থেকে আরও শোকাহত হয়ে পড়েন তিনি। পাশাপাশি, ঘটনাস্থলে কর্মরত বিপর্যয় মোকাবিলা বাহিনীর সঙ্গেও দেখা করেন প্রধানমন্ত্রী। এই নিয়ে নিজের এক্স হ্যান্ডলে তিনি লিখেছেন, ‘যারা পরিজন হারিয়েছেন তাদের পাশে আমরা সর্বদা রয়েছি। এদিন দুর্ঘটনাস্থলে গিয়েছিলাম। ধ্বংসস্তূপটা যেন আমাকে আরও শোকের দিকে ঠেলে দিয়েছে। সেখানে কর্মরত বিপর্যয় মোকাবিলার বাহিনীর কর্তাদের সঙ্গে সাক্ষাৎ। তারা অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন।’

এদিন সিভিল হাসপাতালের সি৭ ওয়ার্ডে আহতদের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন প্রধানমন্ত্রী। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, সেই ওয়ার্ডে বিমান দুর্ঘটনার ফলে আহত



‘মৃত্যুঞ্জয়ী’ যাত্রীর সঙ্গে কুশল বিনিময় করছেন প্রধানমন্ত্রী।

হওয়া রোগীর সংখ্যা ২৫ জন। যার মধ্যে একজন বিমানের মধ্যে থাকা যাত্রী। বাকিরা, বিমান আকাশ থেকে ভেঙে পড়ার ফলে আহত হয়েছেন। আহতদের সঙ্গে সাক্ষাতের পর নিজের মনের কথাগুলি সমাজমাধ্যমে তুলে ধরেন প্রধানমন্ত্রী। এদিন তিনি লেখেন, ‘আমদাবাদের বিমান দুর্ঘটনায় আমি শোকাহত। এমন হৃদয়বিদারক ভাবে মানুষের মৃত্যু সহ্যের বাইরে। প্রতিটা পরিবারের প্রতি আমার সমবেদনা। তাদের কষ্টটা আমি বুঝতে পারছি এবং আমি এটাও জানি এই শূন্যতা পূর্ণ হওয়ার নয়।’ দুর্ঘটনাস্থল পরিদর্শনের পর গুজরাতের আধিকারিকদের সঙ্গে বিশেষ বৈঠক করেন প্রধানমন্ত্রী।

অন্যদিকে, মৃতদের মধ্যে অন্তত পাঁচজনের দেহ এদিন তুলে দেওয়া হয় তাঁদের পরিবারের হাতে। আমদাবাদে এয়ার ইন্ডিয়ার বিমান দুর্ঘটনায় মৃত্যু হয়েছে গুজরাতের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজয় রূপানিরও। প্রাক্তন মুখ্যমন্ত্রীর শোকস্তব্ধ পরিজনদের সঙ্গে শুক্রবার দেখা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তাঁদের সমবেদনা জানান। বিজয় রূপানির সঙ্গে তাঁর কাজের অভিজ্ঞতার কথা তুলে ধরে গুজরাতের প্রাক্তন মুখ্যমন্ত্রীকে পরিশ্রমী নেতা বলে বর্ণনা করেন মোদী। পরে এক্স হ্যান্ডলে মোদী লেখেন, ‘বিজয়ভাই রূপানির পরিবারের সঙ্গে দেখা করলাম। এটা অকল্পনীয় যে বিজয়ভাই আমাদের মধ্যে নেই। আমি তাঁকে কয়েক দশক ধরে চিনি। কঠিন সময়ে আমরা কাঁধে কাঁধ মিলিয়ে লড়াই করেছি। সহজ এবং সরল প্রকৃতির বিজয়ভাই পরিশ্রমী মানুষ ছিলেন। দলের আদর্শের প্রতি তিনি ছিলেন প্রতিজ্ঞাবদ্ধ। একজন সাধারণ দলের সৈনিক থেকে গুজরাতের মুখ্যমন্ত্রী হয়েছিলেন। সংগঠনের বহু গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন তিনি।’ বিজয় রূপানি একসময় রাজ্যসভার সাংসদ ছিলেন। গুজরাতের বিজেপির সভাপতি এবং রাজকোট পুরনিগমেরও দায়িত্ব সামলেছেন। দক্ষতার সঙ্গে তিনি সেইসব দায়িত্ব পালন করেছেন বলে এক্স হ্যান্ডলে লেখেন প্রধানমন্ত্রী।



অভিশপ্ত বিমানের ধ্বংসাবশেষ দেখছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

## ‘ডিএনএ মিলিয়ে চলছে শনাক্ত’

**নয়াদিল্লি, ১৩ জুন:** আমদাবাদে অভিশপ্ত বিমান দুর্ঘটনার পর শুরু হয়ে গিয়েছে দেহ শনাক্তকরণের প্রক্রিয়া। ডিএনএ পরীক্ষা করে চলছে পরিচয় প্রকাশের কাজ। শুক্রবার সাংবাদিকদের সম্মুখীন হয়ে এমনটাই জানান কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।



স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘এই দুর্ঘটনায় গোটা দেশ যেন নড়েচড়ে বসেছে। এমন ঘটনা সত্যি কাম্য নয়। কেন্দ্রীয় সরকার, গুজরাত সরকার ও প্রধানমন্ত্রী তরফ থেকে আমি মৃতদের পরিবার-পরিজনকে সমবেদনা জানাই। কেন্দ্র-রাজ্য সমন্বয়ের মাধ্যমেই উদ্ধারকাজ চলছে।’ স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, ‘প্রতিটা দেহের ডিএনএ নমুনা সংগ্রহ করে, তাদের সম্ভাব্য পরিবারে ডিএনএ-এর সঙ্গে মিলিয়ে দেহ শনাক্তকরণের কাজ করছেন চিকিৎসকরা।’ এই প্রসঙ্গে শাহ আরও বলেন, ‘ডিএনএ নমুনা সংগ্রহের কাজ ২ ঘণ্টার মধ্যেই শেষ করছেন চিকিৎসকরা। যে সকল মৃতের পরিবার-পরিজনেরা বিদেশে থাকেন, তারা দেশে এসে ডিএনএ নমুনা দিলেই, সরকার সেই মোতাবেক কাজ করে দেবে।’

## দেশে বাড়ছে করোনা

■ দেশজুড়ে ফের করোনার চোখরাঙানি। দেশে দ্রুত ছড়িয়ে পড়া করোনা উদ্বেগ আরও বাড়িয়েছে। উদ্বেগ বাড়িয়ে গত ২৪ ঘণ্টায় মৃত্যু হয়েছে একজনের। জানা গিয়েছে, দেশে করোনার সক্রিয় রোগীর সংখ্যা ৭,১৩১ জনের কাছাকাছি পৌঁছেছে। বিগত ২৪ ঘণ্টায় এক জনের করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক সতর্ক রয়েছে। মন্ত্রক সূত্রে জানা গিয়েছে, শুক্রবার সকাল ৮টা পর্যন্ত, দেশে করোনার সক্রিয় রোগীর সংখ্যা ৭,১৩১ জন হয়েছে। বিগত কয়েকদিনে ১০,৯৭৬ জন রোগী এই সংক্রমণ থেকে সেরে উঠেছেন।

## ‘ফাইনাল ওয়ার্নিং’

■ ভরতপুরের তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীরকে চূড়ান্ত হুঁশিয়ারি দিল শৃঙ্খলারক্ষা কমিটি। আগের শোকজ ও সতর্কবার্তা উপেক্ষিত হওয়ায় এবার হাতে ধরিয়ে দেওয়া হল কড়া ভাষায় লেখা চিঠি। দলীয় সূত্রের খবর, চিঠিতে স্পষ্ট লেখা; ‘লাস্ট অ্যান্ড ফাইনাল ওয়ার্নিং।’ গত কয়েকদিন ধরে হুমায়ুনের একাধিক মন্তব্যে অস্বস্তিতে পড়তে হয়েছে তৃণমূলকে। জনসমক্ষে ও সংবাদমাধ্যমে তাঁর বক্তব্য ঘিরে বিড়ম্বনায় পড়েছে দল। পরিস্থিতি সামাল দিতেই নড়েচড়ে বসে তৃণমূলের শৃঙ্খলারক্ষা কমিটি।

-বিস্তারিত শহরের পাতায়

## বৃষ্টি হবে দক্ষিণবঙ্গে

■ বাতাসে প্রচুর আর্দ্রতা থাকায় ভ্যাপসা গরমে নাজেহাল দক্ষিণবঙ্গবাসী। আর এই গরম থেকে রেহাই পেতে চাতকের মতো বৃষ্টির অপেক্ষায় দক্ষিণবঙ্গের প্রত্যেকেই। এদিকে আলিপুর আবহাওয়া দপ্তর জানাচ্ছে, উত্তরবঙ্গে বর্ষা প্রবেশ করলেও দক্ষিণবঙ্গে এখনও বর্ষার প্রবেশ ঘটেনি। তবে বর্ষা না প্রবেশ করলেও কলকাতা-সহ রাজ্যের সব জেলায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির পূর্বাভাস জারি করা হয়েছে আবহাওয়া দপ্তরের তরফ থেকে। সঙ্গে এও জানানো হয়েছে, কোনও কোনও জেলায় ভারী বৃষ্টি হতে পারে। আর এই বৃষ্টির জেরে তাপমাত্রা কমতে পারে।

## পুলিশের দ্বিচারিতা, আক্রমণ শুভেন্দুর

**নিজস্ব প্রতিবেদন:** মমতা বন্দ্যোপাধ্যায়ের পুলিশের দ্বিচারিতা নিয়ে তীব্র আক্রমণ করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বারাবনি থানার ওসি দিব্যেন্দু মুখার্জির বিরুদ্ধে প্রবীণ বিজেপি কর্মীর উপর লাঠিচার্জের অভিযোগ এনে, তাঁর এক্স হ্যান্ডলে শুভেন্দু একের পর এক বিস্ফোরক মন্তব্য করেন।

তিনি লেখেন, ‘তোলামূল নেতা বীরভূমের ছুঁচো, মমতা পুলিশের মা-বউ তুলে জঘন্য হুমকি



**দিলে তখন মমতা পুলিশ ঢোঁক গিলে তা হজম করে নেয়, তোলামূলী গুণ্ডা বাহিনীর দাপটে প্রাণ ভয়ে টেবিলের তলায় ঢুকে যায় মাথায় ফাইল রেখে, আবার জেহাদিদের আক্রমণের সময় দোকানের ভিতর লুকোয় অথবা মহেশতলার ঘটনার মতো সাদা রুমাল দেখিয়ে আত্মসমর্পণের ইঙ্গিত দেয়।’**

■ এরপর ২-এর পাতায়

## ইজরায়েলের বিমানহানা, পালটা হুঁশিয়ারি ইরানের

### পরমাণু কেন্দ্রে আক্রমণ, হত বিজ্ঞানী-সমরকর্তা



**তেহরান, ১৩ জুন:** ইরানের বৃহত্তম ইউরেনিয়াম কেন্দ্রে বিমানহানা চালিয়েছে ইজরায়েল। আত্মরক্ষার্থে শুক্রবার সকাল থেকেই ইরানের বিরুদ্ধে ‘অপারেশন রাইসিং লায়ন’ শুরু করেছে ইজরায়েল। আকাশপথে হামলা চালানো হয় ইরানের পরমাণু কেন্দ্র এবং সামরিক কেন্দ্রগুলিতে। হামলা চালানো হয়েছে দক্ষিণ-পূর্ব তেহরান থেকে ২২০ কিলোমিটার দূরে অবস্থিত নাতানজ ইউরেনিয়াম কেন্দ্রে। পরমাণু শক্তিধর হয়ে উঠতে দীর্ঘ দিন ধরেই নিষেধাজ্ঞা উপেক্ষা করে ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কর্মসূচি চালিয়ে যাচ্ছে ইরান।

ইজরায়েলের আচমকা হানায় বেসামাল ইরানের সামরিক বাহিনী। শুক্রবার দুপুর পর্যন্ত ইজরায়েলি হানায় মৃত্যু হয়েছে সে দেশের সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক মেজর জেনারেল মহম্মদ বাগেরির। মৃত্যু হয়েছে ইরানের রেভলিউশনারি গার্ডের প্রধান কমান্ডার জেনারেল হোসেন সালামি এবং ডেপুটি কমান্ডার জেনারেল ঘোলামালি রশিদের। ইজরায়েলি হানায় প্রাণ হারিয়েছেন ইরানের ছ’জন পরমাণু বিজ্ঞানীও। ইরানের সরকারি সংবাদ সংস্থা আইআরএনএ প্রত্যেকের মৃত্যুর খবরই নিশ্চিত করেছে।

ইজরায়েলি হামলার প্রত্যাঘাতের পরেই রাষ্ট্রসংঘের দ্বারস্থ হয়েছে ইরান। শুক্রবার তেহরানের তরফে জানানো হয়েছে, ইজরায়েলি হামলা নিয়ে বিশেষ আলোচনা হোক রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে। অন্যদিকে, ইরান এবং ইরাক নিজেদের আকাশসীমা পুরোপুরি বন্ধ করে দেওয়ায় গোটা মধ্যপ্রাচ্যে বিমান পরিষেবা কার্যত স্তব্ধ। একাধিক উড়ান সংস্থা নিজেদের বিমান পরিষেবা বন্ধ করে দিয়েছে।

এমন বিধ্বংসী হামলার পরে পালটা মার দিয়েছে ইরানও। হামলার পরেই তেহরান হুঙ্কার দিয়েছিল, যোগ্য জবাব দেওয়া হবে তেল আভিভকে। তারপরেই অন্তত ১০০টি ড্রোন ছোড়া হয় ইজরায়েল লক্ষ্য করে। তবে মিসাইলগুলি আপাতত নিষ্ক্রিয় করছে ইজরায়েলি সেনা। অন্যদিকে, জর্ডনের জাতীয় মিডিয়া জানিয়েছে, ইরানের বেশ কিছু ড্রোন এসেছে তাদের আকাশসীমাতও। সেগুলি গুলি করে নামানো হয়েছে।

অন্যদিকে, ইজরায়েলের হামলার পরেই প্রত্যাঘাতের হুঁশিয়ারি দিয়েছে ইরান। সে দেশের সর্বোচ্চ

■ এরপর ২-এর পাতায়

## স্টেশনে লাইনে পড়ে পা কাটা গেল যাত্রীর



**নিজস্ব প্রতিবেদন:** আরপিএফ ও যাত্রীদের মধ্যে বচসা। তারই জেরে দমদম স্টেশনে লাইনে পড়ে কাটা গেল যাত্রীর পা, মাথা ফাটল আরপিএফ কর্মীর। শুক্রবার সকালে এমনটাই ঘটে দমদম স্টেশনের ২ নম্বর প্ল্যাটফর্মে।

সূত্রের খবর, এদিন সকালে দু’নম্বর প্লাটফর্মে ডাউন ব্যারাকপুর লোকাল ঢোকার সময় কিছু যাত্রীদের মধ্যে বচসা শুরু হয়। এই বচসা থামানোর চেষ্টা করেন দায়িত্বরত আরপিএফ জওয়ানেরা। তাঁরা যাত্রীদের শান্ত করার চেষ্টা করলেও আখেরে লাভ কিছু হয়নি। পরিস্থিতি চলে যায় হাতের বাইরে। এই ঝামেলা চলাকালীনই এক যাত্রী ও দুই আরপিএফ কর্মী রেল লাইনে পড়ে যান। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, কার্যত তাঁদের উপর দিয়েই চলে যায় ট্রেন। এই ঘটনায় কোনও প্রাণহানির খবর না থাকলেও এক যাত্রীর পা কাটা যায় বলে সূত্রে খবর। আহত যাত্রীর নাম জগদীশচন্দ্র সরকার। একইসঙ্গে এক আরপিএফ কর্মীর মাথাও ফেটে যায়। আহত মহিলা আরপিএফ কর্মীর নাম করুণা কুমারী। বয়স আনুমানিক ২৮ বছর। অন্যজনের বয়স আনুমানিক ৫৮ বছর। দু’জনকেই আরজিকর হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে।

## সোনার দোকানের কর্মীকে ছুরিতে খুন

**নিজস্ব প্রতিবেদন:** ক্রমেই দুষ্কৃতীদের নন্দন কানন হয়ে উঠছে কলকাতা। তারই দৃষ্টান্ত মিলল শুক্রবার কালীঘাটে। ভরদুপুরে খুন করা হয় কালীঘাট থানার বেণীনন্দন স্ট্রিটের সোনার দোকানের কর্মীকে। সূত্রে খবর, ধারালো অস্ত্র দিয়ে ওইসোনার দোকনের কর্মীকে কোপায় স্থানীয় এক যুবক। স্থানীয় সূত্রে খবর, ঝামেলা থামাতে গিয়ে আক্রান্ত হন সোনার দোকানের কর্মীর ছেলেও। আপাতত এসএসকেএম হাসপাতালে আশঙ্কাজনক অবস্থায় ভর্তি। এদিকে অভিযুক্ত যুবক পলাতক।

পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, দোকান সংস্কারের জন্য শুক্রবার দুপুরে একটি মালবাহী গাড়ি এসে পৌঁছয় ওই এলাকায়। সেই গাড়ি বেরনোর সময় হরিশ চ্যাটার্জি রোডের কাছে একটি সোনার দোকানের সাইনবোর্ড ভেঙে যায়। এই ঘটনায় গাড়ির চালক ও ব্যবসায়ীর মধ্যে শুরু হয় বচসা। চিৎকার শুনে দোকান থেকে বাইরে



বেরিয়ে আসেন সৌমেন নামের ওই ব্যক্তি।

এই বচসা চলাকালীন ঘটনাস্থলে এসে হাজির হন স্থানীয় অশেষ সরকার ওরফে পিকলু। প্রত্যক্ষদর্শীদের দাবি, এই ঝামেলায় জড়িয়ে পড়ে অশেষও। বচসায় জড়ান অশেষ ও সৌমেন। ক্রমেই গলার সুরও চড়তে থাকে অশেষের। হঠাৎই অশেষ ওরফে পিকলু পকেট থেকে ছুরি বার করে সৌমেনের বুকে, পেটে ও ঘাড়ে একের পর এক কোপ মারেন। ছুরির আঘাতে রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়েন সৌমেন ।

■ এরপর ২-এর পাতায়

একদিন

# আমার শহর

কলকাতা ১৪ জুন ২০২৫, ৩০ জ্যৈষ্ঠ ১৪৩২ শনিবার

## এক নজরে

### নয়া ফন্দি

■ বাংলাদেশের দিক থেকে কাঁটাতারের বেড়ার উপর দিয়ে জাল নোটের প্যাকেট ছুঁড়ে ফেলা হচ্ছে ভারতীয় ভূ-খণ্ডে। আর সেই প্যাকেট সংগ্রহ করছে সহযোগী এপারের দুষ্কৃতীরা, এমনভাবেই কাজ করছে দুষ্কৃতীদের এই নয়া পন্থা। শুক্রবার বিএসএফের তরফে জানানো হয়, ভারত-বাংলাদেশ সীমান্তের শোভাপুরে কাঁটাতারের বেড়া সংলগ্ন এলাকায় রোজকার মতোই বৃস্পতিবারও টহল দিচ্ছিলেন বিএসএফের ৭১ নম্বর ব্যাটেলিয়নের জওয়ানরা। সেই সময় বেড়ার ওপারে ঘোরাফেরা করছিল বাংলাদেশের তিন নাগরিক। নজরে রেখেছিলেন বিএসএফ জওয়ানরা। হঠাৎ একটি সন্দেহজনক প্যাকেট ওপার থেকে এপারে ছুঁড়ে দেয় ওই দুষ্কৃতীরা। সেই প্যাকেট সংগ্রহ করার জন্য এপারে লুকিয়ে ছিল স্থানীয় দুষ্কৃতিরা। জওয়ানদের দেখে পালিয়ে যায় তারা। এরপর এই প্যাকেট সংগ্রহ করে বিএসএফ। তা থেকে ৫ লক্ষ টাকার জাল নোট উদ্ধার হয়েছে।

### ট্রাকের ধাক্কায় মৃত্যু

■ পণ্যবাহী ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মৃত্যু হল এক আট বছরের কিশোরের। ওই ঘটনায় আহত হন মৃত কিশোরের দাদাও। ঘটনার পর থেকে ঘাতক ট্রাকটির চালক পলাতক।

### দুঃসাহসিক চুরি

■ খড়দা থানার টিটাগড় পুরসভার ১৭ নম্বর ওয়ার্ডে বিবেক নগরে মাইতি বাড়িতে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটল। জানা গিয়েছে, একজন মুখে মাস্ক লাগিয়ে বাসুদেব মাইতির ঘরে ঢোকে। আলমারির তালা ভেঙে ১৮ হাজার টাকা হাতিয়ে নেয়। বাড়ির মালকিন কাবেরী মাইতি জানান, বাইরে থেকে ছিটকিনি দিয়ে চোরেরা তাদের মুদিখানার দোকানের তালা ভেঙে ঢুকে পাঁচ হাজার টাকা চুরি করে এবং পাশের গোডাউন থেকে দুই বস্তা চাল চুরি হয়। চুরির ঘটনায় তদন্তে খড়দা থানার পুলিশ।

### খোঁচা কুণালের

■ আহমেদাবাদে বিমান দুর্ঘটনায় কেন্দ্রের দিকে এবার আঙুল তুলতে দেখা গেল তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষকে। তিনি তাঁর এক্স হ্যান্ডেলে এই প্রসঙ্গে শুক্রবার একটি পোস্ট করেন লেখেন, 'বিজেপি সরকারের আমলে দেশের প্লেন, ট্রেনের অবস্থা খুব খারাপ। যাত্রীসুরক্ষা, পরিষেবা ভেঙে পড়ছে। এয়ার ইন্ডিয়া সবেমাত্র টাটারা নিয়েছে। এতকাল তো কেন্দ্রের হাতে ছিল। রক্ষণাবেক্ষণ, নজরদারি কোথায়? যে বিমানটি প্যারিস থেকে দিল্লি হয়ে আমেদাবাদ এলো, আচমকা ভেঙে পড়ল? তার ভিতরের বহু সিস্টেম কাজ করছিল না বলে অভিযোগ করছেন যাত্রীরাই। পাখির ধাক্কা বলে নজর ঘোরানো চলবে না। নিরপেক্ষ বিশেষজ্ঞদের হাতে দিয়ে তদন্ত করানো হোক।'

### ৬ লক্ষ মামলা ঝুলে

■ রাজ্যের বিভিন্ন আদালতে বর্তমানে মোট ৬ লক্ষ ৯৫ হাজার মামলা অমীমাংসিত রয়েছে। শুক্রবার বিধানসভায় আইনমন্ত্রী মলয় ঘটক জানান, এর মধ্যে শুধুমাত্র কলকাতা হাই কোর্টেই অমীমাংসিত মামলার সংখ্যা ৭৩ হাজার ১৬৪টি।
মন্ত্রী জানান, মামলার দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে রাজ্য সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। তবু মামলা বেড়ে যাওয়া এবং বিচার প্রক্রিয়ার দীর্ঘসূত্রিতাই এখন প্রধান চ্যালেঞ্জ।

### 'লক্ষ্মীর ভাণ্ডারে' উপকৃত ২ কোটির বেশি

■ 'লক্ষ্মীর ভাণ্ডার' প্রকল্পে এখনও পর্যন্ত উপকৃত হয়েছেন ২ কোটিরও বেশি মহিলা। রাজ্যের বিধানসভায় শুক্রবার এই তথ্য জানালেন নারী ও শিশু সমাজকল্যাণ দপ্তরের মন্ত্রী শশী পাঁজা। মন্ত্রী জানান, ২০২৪ সালের ৩১ অক্টোবর পর্যন্ত 'লক্ষ্মীর ভাণ্ডার' প্রকল্পে উপকৃত হয়েছেন মোট ২ কোটি ১৫ লক্ষ ৮৮ হাজার ৭৭৫ জন মহিলা। প্রকল্পে এখনও পর্যন্ত রাজ্যের ব্যয় হয়েছে ৪৮ হাজার ৯৭২ কোটি টাকা। মন্ত্রী আরও জানান, উপভোক্তাদের মধ্যে যাঁরা ৬০ বছর পার করেছেন, তাঁদের 'লক্ষ্মীর ভাণ্ডার' থেকে স্বয়ংক্রিয়ভাবে স্থানান্তরিত করা হয়েছে 'বার্ধক্য ভাতা' প্রকল্পে।

# অধ্যক্ষ বিমানের সঙ্গে সাক্ষাৎ চাকরিহারাদের

**নিজস্ব প্রতিবেদন:** যোগ্যদের তালিকা প্রকাশ-সহ পাঁচ দফা দাবিতে বৃহস্পতিবার রাত থেকে বিকাশ ভবনের সামনে আমরণ অনশনে বসেছেন চাকরিহারা ১০ জন শিক্ষক। তাঁদের দাবি, যোগ্যদের চাকরি কেড়ে নেওয়া চলবে না। এই দাবিতেই শুক্রবার বিধানসভায় পৌঁছন 'যোগ্য চাকরিপ্রার্থীদের অধিকার মঞ্চ'-এর প্রতিনিধি দল। ছিলেন সঙ্গীতা সাহা, অর্পিতা সেনগুপ্ত, রাকেশ আলম, রূপা কর্মকার এবং স্মৃতি রায়।



সূত্রের খবর, আগেই স্পিকারের হস্তক্ষেপ চেয়ে আবেদন জানিয়েছিলেন অনশনকারীরা। সেই আবেদন অনুযায়ী এদিন দুপুরে তাঁদের সঙ্গে দেখা করেন স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়। তিনি আশ্বাস দিয়েছেন, বিষয়টি আদালতের বিচারাধীন হলেও সরকারের তরফে আইন মেনে প্রয়োজনীয় সহযোগিতা করা হবে। চাকরিহারা শিক্ষকদের দাবি, যাঁরা প্রকৃতপক্ষে যোগ্য, তাঁদের ওএমআর শিট ও শংসাপত্রের মিরর ইমেজ প্রকাশ্যে আনা হোক যাতে কারা অযোগ্য, তা আদালতের কাছে পরিষ্কার হয়। নির্দিষ্ট সময়সীমার মধ্যে আইনি প্রক্রিয়া শেষ করার পাশাপাশি সেই সময়সীমা পর্যন্ত নতুন নিয়োগ প্রক্রিয়া বন্ধ রাখার দাবিও জানিয়েছেন তাঁরা। পাশাপাশি স্বচ্ছ প্রক্রিয়ায় শূন্যপদে নতুন নিয়োগের ব্যবস্থার দাবি উঠেছে। মুখ্যমন্ত্রীর সঙ্গে সরাসরি আলোচনায় বসার আর্জি জানিয়েছেন আন্দোলনকারীরা। তাঁদের বক্তব্য, সুপ্রিম কোর্টের রায় পুনর্বিবেচনার জন্য রাজ্য সরকারকে উদ্যোগ নিতে হবে। প্রসঙ্গত, ২০১৬ সালের এসএসসি নিয়োগে দুর্নীতির অভিযোগে সুপ্রিম কোর্ট গোটা প্যানেল বাতিল করায় চাকরি হারান প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মী। মে মাস থেকে চলা তাঁদের আন্দোলন এখনও অব্যাহত।

# বিধানসভায় নজিরবিহীন তল্লাশি
## তুলসি-আতঙ্ক দেখছে বিরোধীরা

**নিজস্ব প্রতিবেদন:** শেষ কবে এমন নিরাপত্তা কড়াকড়ি হয়েছে, তা মনে করতে পারছেন না বিধানসভার প্রবীণতম সদস্যরাও। শুক্রবার সকাল থেকেই পশ্চিমবঙ্গ বিধানসভার প্রতিটি প্রবেশপথে তল্লাশি শুরু হয় নজিরবিহীন কড়াকড়ির মধ্যে। শাসক, বিরোধী নির্বিশেষে সব বিধায়কের গাড়ি গেটে দাঁড় করিয়ে বনেট থেকে ডিকি পর্যন্ত তন্নতন্ন করে চেক করা হয়।



প্রত্যক্ষদর্শীদের মতে, হুমকি ফোন পেলে যেভাবে নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়, এদিন তেমনই কড়া তল্লাশি চালায় বিধানসভা নিরাপত্তা রক্ষীরা। সূত্রের খবর, এই নিরাপত্তা কড়াকড়ির নির্দেশ ছিল স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের কাছ থেকেই। এ প্রসঙ্গে জানতে চাওয়া হলে বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, 'নিরাপত্তারক্ষীকে পরিষ্কার অনুমতি দেওয়া হয়েছে তল্লাশির জন্য। কে কী নিয়ে আসছেন তা তো আমার পক্ষে বলা সম্ভব নয়, যাঁরা গেটের দারোয়ান রয়েছেন তাঁরাই চেক করবেন। এটা নিরাপত্তার বিষয়। তাই আমরা চাই না এমন কিছু ঘটুক যাতে বিধানসভার কাজ ব্যহত হয়।' জল্পনার কেন্দ্রে চাকরিহারা শিক্ষকদের আন্দোলন। বৃহস্পতিবার থেকে ফের আমরণ অনশনে বসেছেন তাঁরা। শুক্রবার বিকেলে তাঁদের এক প্রতিনিধি দল স্পিকারের সঙ্গে সাক্ষাৎ করেন। সেই সম্ভাব্য সাক্ষাতের আগে কোনও অনভিপ্রেত ঘটনা ঠেকাতেই কি এই 'চূড়ান্ত সতর্কতা'? অন্যদিকে, তল্লাশি নিয়ে বিদ্রুপ করতেও ছাড়েননি বিরোধীরা। বিজেপি-র একাধিক বিধায়ক কটাক্ষ করে বলেন, 'আমরা যেন তুলসী গাছ নিয়ে ভেতরে ঢুকে না পড়ি, সেই ব্যবস্থাই হচ্ছে মনে হয়।' রাজ্য সরকারের বিরুদ্ধে পক্ষপাতিত্ব ও অপমানের অভিযোগ তুলেছেন বিধানসভার বিজেপির মুখ্য সচেতক শঙ্কর ঘোষ। তাঁর কটাক্ষ, 'তৃণমূল কংগ্রেসের সদস্যদের নিরাপত্তা নিয়ে কোনও আপত্তি নেই, কিন্তু বিজেপি বিধায়কদের গাড়ি খুলে তল্লাশি চালানো হয়। এটা লজ্জার।' প্রসঙ্গত, নবান্নেও কয়েকদিন আগে একই কড়াকড়ি দেখা গিয়েছিল, যখন আন্দোলনকারী শিক্ষকদের ঢোকার আশঙ্কায় প্রতিটি গাড়ি ও আইডি কার্ড পরীক্ষা করা হয়েছিল। সব মিলিয়ে বিধানসভায় শুক্রবারের নিরাপত্তা ব্যবস্থায় স্পষ্ট, সরকার এবং প্রশাসন কোনও ঝুঁকি নিতে চাইছে না।

# হুমায়ুনকে 'লাস্ট ওয়ার্নিং লেটার' শৃঙ্খলারক্ষা কমিটির

**নিজস্ব প্রতিবেদন:** ভরতপুরের তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীরকে চূড়ান্ত হুঁশিয়ারি দিল শৃঙ্খলারক্ষা কমিটি। আগের শোকজ ও সতর্কবার্তা উপেক্ষিত হওয়ায় এবার হাতে ধরিয়ে দেওয়া হল কড়া ভাষায় লেখা চিঠি। দলীয় সূত্রের খবর, চিঠিতে স্পষ্ট লেখা, 'লাস্ট অ্যান্ড ফাইনাল ওয়ার্নিং।'



গত কয়েকদিন ধরে হুমায়ুনের একাধিক মন্তব্যে অস্বস্তিতে পড়তে হয়েছে তৃণমূলকে। জনসমক্ষে ও সংবাদমাধ্যমে তাঁর বক্তব্য ঘিরে বিড়ম্বনায় পড়েছে দল। পরিস্থিতি সামাল দিতেই নড়েচড়ে বসে তৃণমূলের শৃঙ্খলারক্ষা কমিটি। শুক্রবার বিধানসভায় হুমায়ুনকে নিজের ঘরে ডেকে পাঠান কমিটির চেয়ারম্যান শোভনদেব চট্টোপাধ্যায়। উপস্থিত ছিলেন অরূপ বিশ্বাস, ফিরহাদ হাকিম ও চন্দ্রিমা ভট্টাচার্য। সেই বৈঠকেই তাঁর হাতে তুলে দেওয়া হয় চূড়ান্ত সতর্কবার্তার চিঠি। আগে শোকজ করে কমিটির সামনে হাজিরা দিতে বলা হয়েছিল হুমায়ুনকে। তিনি হাজিরাও দেন। কিন্তু তার পরেও আচরণে পরিবর্তন না আসায় এবার কড়া পদক্ষেপ। তৃণমূল সূত্রে ইঙ্গিত, এবারও দলের নির্দেশ অমান্য হলে বিধায়ক পদ নিয়েও সিদ্ধান্ত নিতে পারে নেতৃত্ব। সম্প্রতি তৃণমূল কংগ্রেসের রাজ্য কমিটিতে সাধারণ সম্পাদক পদ পেয়েছেন ফুরফুরা শরিফের পীরজাদা আব্বাস সিদ্দিকির তুতো ভাই তথা ভাঙড়ের বিধায়ক নওসাদ সিদ্দিকিরও ভাই কাশেম সিদ্দিকি। বিধানসভার বাইরে সেই কাশেমের রাজনৈতিক অভিজ্ঞতা নিয়েই বড় প্রশ্ন তুলেছিলেন মুর্শিদাবাদের ভরতপুরের তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীর। হুমায়ুন বলেন, 'ওকে নিয়ে কোনও মন্তব্য করব না। কাসেম রাজনীতিতে 'অ-আ-ক-খ'র ছাত্র। এবিসিডির ছাত্রকে নিয়ে অত কথা কেন বলতে যাব?' এরপরেই ফের দলের ধাক্কা হুমায়ুনকে।

# ৩২ হাজার চাকরি বাতিল মামলায় অভিযোগ এজির

**নিজস্ব প্রতিবেদন:** 'তাড়াহুড়ো করে শুনানি করা হয়েছে, বিচারপতিকেই জিজ্ঞাসাবাদের প্রয়োজন রয়েছে', প্রাথমিক ৩২০০০ চাকরি বাতিল মামলায় একক বেঞ্চের শুনানির ক্ষেত্রে এমনই বিস্ফোরক মন্তব্য করতে শোনা গেল রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্তকে। এর পাশাপাশি এজি এও জানান, '১৬৫ ধারা,এভিডেন্স অ্যাক্ট, ট্রায়ালের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ তথ্য সামনে আনার জন্য আদালত এই ক্ষমতা প্রয়োগ করে। তিনি প্রসিকিউটরের মতো কাজ করেছিলেন। ২০২৩ সালের ৬ ফেব্রুয়ারি অর্ডারে দেখুন, আদালত সাক্ষীদের নির্বাচন করেছে। আদালত নিরপরাধদের রক্ষা করে। বিচারপতি প্রসিকিউটরের কাজ করে না। উনি বিচারপতির ভূমিকা বদল করেছেন।' এজি কিশোর দত্তের শুক্রবার আদালতে সওয়াল করতে গিয়ে বলেন, 'একক বেঞ্চের শুনানির ক্ষেত্রে অনেক তাড়াহুড়ো করা হয়েছে। শুনানির শেষের পরের দিনই রায় ঘোষণা করা হয়েছে। ১৫ বার শুনানি হয়েছিল। বোর্ডকে অ্যাপটিটিউড টেস্ট নিয়ে কোনও বক্তব্য রাখতে দেওয়া হয়নি। আর সেই কারণেই বিচারপতিকেই জিজ্ঞাসাবাদের প্রয়োজন রয়েছে।' শুক্রবার অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত সওয়াল করতে গিয়ে এও জানান, 'এভিডেন্স অ্যাক্টের সেকশন ১৬৫ মানা হয়নি। গোটা রায় দেওয়া হয়েছে শুধুমাত্র ধারণার ভিত্তিতে। আর তার ফলে নিয়ম এড়িয়ে রায় ঘোষণা করা হয়েছে। দুর্নীতির অভিযোগে কনসিকোয়েন্স গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে দুর্নীতিও প্রমাণ করা যায়নি।'

# এনআইওএস থেকে পাশ করলে নিয়োগ প্রক্রিয়ায় অংশ নেওয়া যাবে: হাইকোর্ট



**নিজস্ব প্রতিবেদন:** '২০২২-এর প্রাথমিক নিয়োগ প্রক্রিয়ায় 'ন্যাশানাল ইন্সটিটিউট অফ ওপেন স্কুলিং' থেকে পাশ করা চাকরিপ্রার্থীরা নিয়োগ প্রক্রিয়ায় অংশ নিতে পারবে।' শুক্রবার শুক্রবার শুনানি চলার পর ডিএলএড চাকরিপ্রার্থীদের জন্য এমনই নির্দেশ দিলেন বিচারপতি সৌগত ভট্টাচার্য। এরই পাশাপাশি কলকাতা হাইকোর্টের তরফ থেকে এও নির্দেশ দেওয়া হয়, প্রাথমিক শিক্ষা পর্ষদ চাকরিপ্রার্থীদের নথি যাচাই করবে। তারপর আরও একটি মেধা তালিকা তৈরি করবে। এরপর চাকরিপ্রার্থীদের নিয়োগে অংশ গ্রহণের ব্যবস্থা করে দেবে পর্ষদ। প্রসঙ্গত, ২০২২ সালে ১১ হাজার ৭৬৫টি শূন্যপদে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করে প্রাথমিক শিক্ষা পর্ষদ। তবে সেখানে প্রশ্নচিহ্ন তৈরি হয়, এতে কাদের অংশগ্রহণ কতটা বৈধ তা নিয়ে। পরীক্ষা হয়ে যাওয়ার পর নিয়োগ প্রক্রিয়ার সময় এই জটিলতা তৈরি হয়। পর্ষদের তরফে বিজ্ঞপ্তি জারি করে বলা হয়, টেট উত্তীর্ণ এবং প্রশিক্ষণপ্রাপ্ত ডিএলএড প্রার্থীরা আবেদন করতে পারবেন। একইসঙ্গে যাঁরা ডিএলএড কোর্সে প্রশিক্ষণ নিচ্ছিলেন তাঁরা আবেদন করতে পারবেন। তবে এই ডিএলএড কোর্স তাঁদের শেষ করতেই হবে। এদিকে, সেই সময় যাঁদের ডিএলএড ছিল না তাঁদের মধ্যে একশো জনের মতো সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেন। পরবর্তীতে ন্যাশানাল ইন্সস্টিটিউট অব ওপেন ট্রেনিং স্কুলিং থেকে ডিএলএড শুরু করেন। শেষ সুপ্রিম কোর্টের তরফ থেকে তাঁদেরও নিয়োগে অংশ নেওয়ায় সবুজ সংকেত দেয়। এরপরই একদল কলকাতা হাইকোর্টে মামলা করেন। মামলাকারীদের দাবি, পর্ষদ ৩০ মে যে বিজ্ঞপ্তি জারি করেছে তাতে বলা হচ্ছে সুপ্রিম কোর্টে মামলাকারীরাই আবেদন করতে পারবেন। তাঁদের দাবি, পর্ষদের এই সিদ্ধান্ত সুপ্রিম কোর্টের রায়ের পরিপন্থী।

# শান্তনু সেনকে চার্জশিট রাজ্য মেডিক্যাল কাউন্সিলের



**নিজস্ব প্রতিবেদন:** চাপে তৃণমূলের বহিষ্কৃত চিকিৎসক নেতা শান্তনু সেন। এবার তাঁকে চার্জশিট ধরাল রাজ্য মেডিক্যাল কাউন্সিল। কারণ, চিকিৎসক শান্তনু সেনের বিরুদ্ধে অভিযোগ, তিনি ন্যাশনাল মেডিক্যাল কমিশন ও রাজ্য মেডিক্যাল কাউন্সিলের অনুমতি না নিয়েই এফআরসিপি গ্লাসগো অতিরিক্ত যোগ্যতা হিসেবে তাঁর প্রেসক্রিপশন লেখার প্যাডে ব্যবহার করতেন। এরপর এ নিয়ে শুরু হয় তদন্ত। তদন্ত করে রাজ্য মেডিক্যাল কাউন্সিলের এথিক্স এন্ড পেনাল কমিটি। রাজ্য মেডিক্যাল কাউন্সিল অ্যাক্ট ১৯১৪ সেকশন ১৭/২৫ অনুযায়ী তাঁকে এই চার্জশিট পাওয়ার ২১ দিনের মধ্যে এর সদুত্তর দিতে হবে। যদি তার উত্তর দিতে না পারেন, তাহলে কাউন্সিল বড়সড় সিদ্ধান্ত নিতে পারে বলে জানা গিয়েছে। তৃণমূলের বহিষ্কৃত চিকিৎসক নেতা শান্তনু সেনের বিরুদ্ধে বেআইনি ভাবে 'বিদেশি ডিগ্রি' দেখিয়ে প্রাইভেট প্রাকটিসের অভিযোগ উঠেছিল।

# ঝুলে রইল মন্দারমণির হোটেলগুলোর ভবিষ্যৎ

**নিজস্ব প্রতিবেদন:** পরিবেশ আদালতের নির্দেশ মেনে নোটিস জারি করা হয়েছিল মন্দারমণিতে ১৪০টি হোটেল, রেস্তোরাঁ ভেঙে ফেলার। পরে কলকাতা হাইকোর্টে এ নিয়ে মামলা হয়। এরপর হোটেল মালিকেরা একটি মামলা করেন। তারই জেরে আপাতত হোটেল ভাঙার কোনও প্রক্রিয়া এখনও শুরু হয়নি। এবার হোটেল মালিকদের করা সেই মামলায় কেন্দ্রের কাছে উত্তর চাইল আদালত। তবে এ ব্যাপারে কেন্দ্রের তরফ থেকে কোনও স্পষ্ট জবাব না পাওয়ায় অসন্তুষ্ট হাইকোর্ট। প্রসঙ্গত, কয়েক মাস আগে হোটেল ভাঙার নোটিস দিয়েছিলেন পূর্ব মেদিনীপুরের জেলাশাসক। এ ব্যাপারে সরব হতে দেখা যায় খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। এরপর এ নিয়ে মামলাও হয় হাইকোর্টে। শুক্রবার সেই সংক্রান্ত মামলার শুনানিতে বিচারপতি অমৃতা সিনহা জানতে চান কোস্টাল রেগুলেশন জোন আছে কি না সে ব্যাপারে। উত্তরে কেন্দ্রের তরফে জানানো হয়, এ রাজ্যে আদৌ কোনও কোস্টাল রেগুলেশন জোন নেই। কেন্দ্রের আইনজীবীর এমন উত্তরে বিস্ময় প্রকাশ করে আদালত। কারণ, সমুদ্র তীরবর্তী এলাকার কতদূরে নির্মাণ করা যাবে তা নিয়ে স্পষ্ট নির্দেশিকা থাকে। যাকে 'কোস্টাল রেগুলেশন জোন' বলে অভিহিত করা হয়। এই প্রসঙ্গে এএসজি অশোক চক্রবর্তী জানান, 'যারা এই দায়িত্বে আছে, তাদের কাছে জানতে চাওয়া হয়েছে। কিন্তু কোনও চিহ্নিতকরণ হয়নি বলেই জানানো হয়েছে।' পাশাপাশি কেন্দ্রের আইনজীবী এদিন এ প্রশ্নও তোলেন, 'জাতীয় পরিবেশ আদালতের প্রিন্সিপাল বেঞ্চ দিল্লিতে। হাইকোর্টে কীভাবে চ্যালেঞ্জ হতে পারে।' এই প্রসঙ্গে পরিবেশ দপ্তরের আইনজীবী নয়ন বিহানী জানান, 'এখানে রাজ্য পরিবেশ দপ্তরের কোনও হাত নেই। কাকে অনুমতি দেওয়া হবে, সেই বিষয়টি কেন্দ্রীয় বন দপ্তরের আওতায় রয়েছে।' অর্থাৎ ক্লিন চিট দেওয়ার বিষয়টি কেন্দ্রের হাতে। আর তা দেয় কেন্দ্রীয় পরিবেশ ও বন মন্ত্রক। উত্তরে বিচারপতি অমৃতা সিনহা জানান, 'রাজ্য হোটেল মালিকদের সমর্থন করে যাচ্ছে। আর কেন্দ্র কোনও উত্তর দিতে পারছে না। এখন আদালত শুধু দেখবে যে আইন অনুযায়ী হোটেল চালানো যায় কি না। শেষ সুযোগ দেওয়ার কথা বলেছে কেন্দ্র।' ফলে আগামী ২৬ সেপ্টেম্বর পর্যন্ত অন্তর্বর্তী নির্দেশ বহাল থাকবে।

# সিআইডি গ্রেপ্তারিতে জামিন শান্তিপ্রসাদের

**নিজস্ব প্রতিবেদন:** সিআইডি গ্রেপ্তারিতে এসএসসি-র প্রাক্তন উপদেষ্টা শান্তিপ্রসাদ সিনহার জামিন মঞ্জুর করল হাইকোর্ট। শুক্রবার বিচারপতি শুভ্রা ঘোষ তাঁর জামিন মঞ্জুর করেন। এই মামলায় মামলাকারীর হেফাজতে থাকার কোনও কারণ নেই বলে জানান বিচারপতি। তবে সিবিআই তাঁকে যে মামলায় গ্রেপ্তার করেছিল সেই মামলায় এখনও তাঁর জামিন বাকি। তাই সিআইডির এই মামলায় জামিন মিললেও থাকতে হচ্ছে জেলেই। শান্তিপ্রসাদ যেহেতু সরকারি কর্মী তাই তাঁকে গ্রেপ্তারেরপর নিয়ম অনুসারে সরকারের থেকে 'অনুমতি' নিতে হয়। সেই রিপোর্টই স্যাংশন রিপোর্ট। এদিকে এই রিপোর্ট এখনও জমা পড়েনি। আদালত মনে করছে এই মুহূর্তে এই রিপোর্টের প্রয়োজনও নেই। এই মামলায় অন্যান্য যাঁরা অভিযুক্ত ছিলেন তাঁরা ইতিমধ্যেই জামিন পেয়েছেন। এই সব ঘটনাকে সামনে এনেই এসএসসি-র প্রাক্তন উপদেষ্টা শান্তিপ্রসাদ সিনহার জামিন মঞ্জুর করে আদালত। তবে নির্দিষ্ট দিনে নিম্ন আদালতে হাজিরা দিতে হবে তাঁকে। ১০ হাজার টাকার বেল বন্ডে জামিন মঞ্জুর হয়েছে শান্তি প্রসাদের। প্রসঙ্গত, শিক্ষক নিয়োগ দুর্নীতিতে অভিযুক্ত শেখ সিরাজউদ্দিনের স্ত্রীকে বেআইনি চাকরি দেওয়ার মামলায় এসএসসির প্রাক্তন উপদেষ্টা শান্তি প্রসাদ সিনহাকে সিবিআই হেফাজতে থাকা অবস্থায় প্রায় দেড় বছর আগে শোন অ্যারেস্ট করেছিল সিআইডি। সেই মামলাতেই জামিনের আবেদন করেছিলেন তিনি।

# অতি প্রাচীন গুড়দহ হাই স্কুল 'পড়ুয়াশূন্য'
## শিক্ষকরা অন্য স্কুলে যেতে চাইছেন

**নিজস্ব প্রতিবেদন:** পড়ুয়ার অভাবে ধুঁকছে শিল্পাঞ্চলের একাধিক স্কুল। প্রায় বন্ধের মুখে স্কুলগুলোতে শিক্ষক আছে। অথচ নেই ছাত্র। ভাটপাড়া পুরসভার ২৬ নম্বর ওয়ার্ডের শ্যামনগর গুড়দহ হাই স্কুলের অবস্থাও ঠিক একই রকম। একটা সময় এই স্কুলে ছাত্রের জোয়ার ছিল। কিন্তু দিন যতই গড়িয়েছে, স্কুলে পড়ুয়ার সংখ্যা ততই কমেছে। ৫৮ বছরের প্রাচীন ওই স্কুলটিতে এখন ছাত্র সংখ্যা 'জিরো'। স্কুলের ছয়জন শিক্ষকের অবস্থা এখন 'আসি যাই মাইনে পাই'। পড়ুয়া না থাকায় মানসিক যন্ত্রণা থেকে মুক্তি পেতে তাঁরা অন্য স্কুলে স্থানান্তরের জন্য শিক্ষা দপ্তরে আবেদনও করেছেন। যদিও স্কুলের বর্তমান পরিস্থিতি নিয়ে তাঁরা সংবাদমাধ্যমে মুখ খুলতে নারাজ। স্কুলের প্রাক্তনী তাপস বিশ্বাস বলেন, 'কয়েক বছর আগে স্কুলে



শ্যামনগর


পড়ুয়ার সংখ্যা ছিল ছয়'শো থেকে সাত'শো। বর্তমানে ছাত্র সংখ্যা শূন্য। তবে এই স্কুলের অনেক প্রাক্তনী আজ সমাজে প্রতিষ্ঠিত। পড়ুয়া শূন্যের কারণ হিসেবে শ্যামনগর অঞ্চলের বেসরকারি স্কুলগুলোর দিকে তিনি আঙুল তুলেছেন।' তাঁর দাবি, শ্যামনগর অঞ্চলে ইদানিং ব্যাঙের ছাতার মতো একাধিক বেসরকারি ইংরেজি মাধ্যম স্কুল গজিয়ে উঠেছে। ফলে নতুন প্রজন্মের বেসরকারি স্কুলগুলোর প্রতি ঝোঁক বেড়েছে। প্রাক্তনী তথা বিজেপির ব্যারাকপুর জেলার অফিস সম্পাদক প্রণব মণ্ডল বলেন, 'স্থানীয়দের প্রচেষ্টায় ১৯৬৭ সালে স্কুলটি গড়ে ওঠে। তখন স্কুলটি ছিল টালির ছাউনি আর দরমার বেড়ার। বর্তমানে সেই স্কুল আজ দ্বিতল ভবন। অথচ স্কুলে একটাও ছাত্র নেই। গুড়দহ হাই স্কুলে মাধ্যমিক পর্যন্ত পড়াশুনা করা যায়। কিন্তু পাশেই থাকা ঋষি অরবিন্দ বিদ্যানিকেতন বয়েজ স্কুলে পড়ুয়ারা উচ্চ মাধ্যমিক পর্যন্ত পড়তে পারবে। তাই এলাকার অভিভাবকরা ঋষি অরবিন্দ বিদ্যানিকেতনকে বেছে নিয়েছেন। দ্বিতীয়ত, নতুন প্রজন্মের পড়ুয়ারা এখন বেসরকারি ইংরেজি মাধ্যম স্কুলমুখী। এই দুয়ের ধাক্কায় আজ গুড়দহ স্কুলে ছাত্র শূন্য।' পেশায় শিক্ষক স্থানীয় কাউন্সিলর অরুন ব্রহ্ম-ও, এখনকার প্রজন্মের পড়ুয়াদের বেসরকারি ইংরেজি মাধ্যম স্কুলের প্রতি ঝোঁককেই দায়ী করেছেন। তবে এলাকাবাসীর মতোই তিনিও চান স্কুলটির পুনরুজ্জীবন হোক।

## সম্পাদকীয়

### রাজ্য সরকারকে বেকায়দায় ফেলতে এবার মমতা-অস্ত্রেই শান চাকরিহারা শিক্ষকদের

তৃণমূল সরকারের মন্ত্রী, আমলাদের দুর্নীতির জেরে ন্যায্য চাকরি খুইয়ে এখন পথে ২৬,০০০ শিক্ষক ও শিক্ষাকর্মী। হারানো চাকরি ফিরে পেতে এবার মমতা-অস্ত্রেই শান দিচ্ছেন তাঁরা। রাজ্য প্রশাসনের দরজায় দরজায় ঘুরেও মেলেনি সুরাহা। মুখ্যমন্ত্রীর আশ্বাস, তাঁর প্ল্যান এ, বি, সি সব উধাও। নাম কা ওয়াস্তে রিভিউ পিটিশনকে ঢাল করে এখন চাকরিহারাদের সামনে মুখরক্ষা করতে চাইছে রাজ্য। কিন্তু তাঁরা ফের নিয়োগ পাবেন কিনা, সে প্রতিশ্রুতি মেলেনি। তাই এবার চরম সিদ্ধান্তের পথে চাকরিহারা শিক্ষকরা। শুক্রবার থেকে কলকাতা হাইকোর্টের অনুমতি সাপেক্ষে আমরণ অনশনে বসছেন তাঁরা। এদিন রাত ১২টা থেকে হাইকোর্ট নির্ধারিত তাঁবুতে অন্তত ১০ জন শিক্ষক অনশন শুরু করছেন। পরবর্তীকালে সংখ্যাটা আরও বাড়তে পারে। তাঁদের দেওয়ালে পিঠ ঠেকে গিয়েছে। রাজ্য সরকারের মন্ত্রী, আমলা ও তৃণমূল নেতাদের দুর্নীতির জেরে চাকরি হারিয়েছেন এই সব যোগ্য শিক্ষকরা। আদালতের রায়ে তাঁরা এখন বেকার। এই ২৬,০০০ যোগ্য ও অযোগ্যদের নিয়ে এখন চরম বেকায়দায় মমতার সরকার। এই আবহে চাকরিহারাদের অনশন আন্দোলন আরও বেকায়দায় ফেলতে চলেছে রাজ্যের শাসকদলকে। এমনিতেই আগামী বিধানসভা নির্বাচনের আর মোটামুটি দশ মাস বাকি। নিয়োগ দূর্নীতি, আরজি কর-সহ একাধিক ইস্যুতে কোণঠাসা মমতার সরকার এখন এর থেকে পরিত্রাণ চাইছে। সে তো মিলছে না, উল্টে যত প্যাঁচ খোলার চেষ্টা করছে ততই জড়িয়ে যাচ্ছে। গোদের ওপর বিষফোঁড়া। চাকরিহারা শিক্ষাকর্মীদের ভাতা নিয়েও মামলা। ফলে সেই ভাতাও এখন বিশ বাঁও জলে। এই অবস্থায় চাকরিহারাদের আমরণ অনশনের ঘোষণায় প্রমাদ গুণছেন রাজ্যের প্রশাসনিক প্রধান। তিনি অবশ্য নানা ভাঁওতা দিয়ে চাকরিহারাদের 'ম্যানেজ' করার মরিয়া চেষ্টা করেছিলেন। কিন্তু শিক্ষামন্ত্রী থেকে দলের মুখপাত্ররা ভুলভাল বকে পরিস্থিতি ঘোরাল করে ফেলেছে। ফলে মমতার এখন ম্যাচ বাঁচানোর লড়াই। কারণ, মসনদে বসতে একদা তিনি যে অনশনকে হাতিয়ার করেছিলেন, এখন সেই অস্ত্রের মোকাবিলা করার চ্যালেঞ্জ তাঁর সামনে।

## শব্দবাণ-৩০২



শুভজ্যোতি রায়

**সূত্র—পাশাপাশি:** ১. মুখে-ভাত ৩. বিষাক্ত পতঙ্গবিশেষ ৫. রান্না ৭. হতে, থেকে ৮ .লিপি, পত্র ১০. শ্রীকৃষ্ণ।

**সূত্র—উপর-নীচ:** ১. ঢিলা নয়, আঁটসাঁট ২. শহরের উপকণ্ঠ ৩. বিরাট ৪. রামনামের মন্ত্রবিশেষ ৬. গমন, চলন ৯. খতবাপাঠক।

### সমাধান: শব্দবাণ-৩০১

**পাশাপাশি:** ১. পাকাহাত ৩. চামচা ৪. ফাটকা ৬. জনিত ৯. ধূপন ১০. লকআপ।

**উপর-নীচ:** ১. পাচার ২. তল্লাট ৩. চাইনিজ ৫. কারকুন ৭. নিকেল ৮. খধূপ।

## জন্মদিন

### আজকের দিন



রাজ ঠাকরে

*১৯৬৭ বিশিষ্ট উদ্যোগপতি কুমারমঙ্গলম বিড়লার জন্মদিন।*

*১৯৬৮ বিশিষ্ট রাজনীতিবিদ রাজ ঠাকরের জন্মদিন।*

*১৯৮৯ বিশিষ্ট সঙ্গীতশিল্পী জুবিন নটিয়ালের জন্মদিন।*

# রোহিঙ্গা সন্দেহে বসিরহাটের বাদুড়িয়া থেকে গ্রেপ্তার ২২

## ১০ বছর পরিচয় আত্মগোপন করে ভারতেই বসবাস!

**নিজস্ব প্রতিবেদন, বসিরহাট:** সীমান্ত সুরক্ষার নজর এড়িয়ে মায়ানমার থেকে বাংলাদেশ হয়ে বছর দশেক আগে ২২ জন রোহিঙ্গা এদেশে ঢুকেছিল। বসবাস করছিলেন অন্ধ্রপ্রদেশের হায়দরাবাদে। শুক্রবার ভোররাতে অবৈধভাবে বাংলাদেশে যেতে গিয়ে গ্রামবাসীদের হাতে ধরা পড়ে। ঘটনাস্থলে আসে পুলিশ ও বিএসএফ। ঘটনাটি ঘটেছে, উত্তর ২৪ পরগনা বসিরহাট মহকুমার বাদুড়িয়া থানার শায়েস্তানগর ১ ব্লকের লবঙ্গ এলাকায়। এদিন ভোররাতে অন্ধকারের সুযোগ নিয়ে ভারত বাংলাদেশ সীমান্তে বিএসএফের সুরক্ষাবলয় ফাঁকি দিয়ে এদেশ থেকে বাংলাদেশে ঢোকার চেষ্টা করছিল রোহিঙ্গারা। ভোরের আলো ফুটতেই গ্রামবাসীরা দেখেন ৪ জন মহিলা, ৪ জন পুরুষ, ১৮ জন বাচ্চা রোহিঙ্গারা গ্রামের ভেতর দিয়ে হেঁটে যাচ্ছে। তখনই গ্রামবাসীরা হাতেনাতে তাদের পাকড়াও করে খবর দেয় বাদুড়িয়া থানায়। ঘটনাস্থলে পুলিশ এসে তাদের আটক করে। পুরো বিষয়টা বিএসএফের নজর এড়িয়ে কিভাবে হায়দরাবাদ সহ বেশ কয়েকটি রাজ্য পেরিয়ে পশ্চিমবাংলায় ঢুকল, এ নিয়ে প্রশ্ন উঠছে। এর সঙ্গে কোনও দালাল চক্র আছে কিনা সেটাও খতিয়ে দেখছে তদন্তকারীরা। সূত্রের খবর এরা দশ বছর ধরে হায়দরাবাদে ছিল। এর আগে সীমান্ত সুরক্ষার নজর এড়িয়ে নিজেরদের নাম আত্মগোপন করে এ দেশে বসবাস করছিল। শুক্রবার দালালের মারফতে এরা বাংলাদেশে ঢোকার চেষ্টা করছিল। তাহলে কি করে দীর্ঘ ১০ বছর ধরে এদেশে নাম পরিচয় আত্মগোপন করে কাজকর্ম করছিল এই নিয়ে একাধিক প্রশ্ন চিহ্ন উঠল।

# আমদাবাদ বিমান দুর্ঘটনা ষড়যন্ত্র নাকি সঠিক রক্ষণাবেক্ষণের অভাব

## তদন্তের দাবি শত্রুঘ্ন সিনহার

**নিজস্ব প্রতিবেদন, আসানসোল:** বিমানের এতবড় দুর্ঘটনা আগে ঘটেনি, মন্তব্য আসানসোলের সাংসদ শত্রুঘ্ন সিনহার। শুক্রবার বার্নপুরে একটি অনুষ্ঠানে অংশ নিতে এসে শত্রুঘ্ন সিনহা বলেন, এত মানুষ একসঙ্গে এই দুর্ঘটনার শিকার হলেন এবং এমন একটি বিমানে এই দুর্ঘটনা ঘটল যে উড়ানকে অ্যাভিয়েশন ইন্ডাস্ট্রির সবচেয়ে সেরা বিমান হিসেবে চিহ্নিত করা হয়। এই বিমানকে প্রযুক্তিগতভাবে খুব উন্নত এবং মজবুত বলে মনে করা হয়। সেইরকম একটি বিমানের কয়েক সেকেন্ডের মধ্যে দুটি ইঞ্জিন একসঙ্গে বিকল হয়ে যাওয়া এবং টেক অফের পরেই এরকম একটি ভয়ঙ্কর দুর্ঘটনা শিকার হওয়া অ্যাভিয়েশন ইন্ডাস্ট্রির ইতিহাসে মনে হয় প্রথমবার হল। পাশাপাশি দুর্ঘটনা নিয়ে প্রশ্ন তুলে দিয়ে যান শত্রুঘ্ন সিনহা। শত্রুঘ্ন সিনহা বলেন, এই দুর্ঘটনা নিয়ে তদন্ত চলছে। তদন্ত চলাকালীন কিছু মন্তব্য করা উচিত নয়।

এদিন বিমান দুর্ঘটনায় মৃতদের পরিবারকে তিনি সমবেদনা জানান। পাশাপাশি যারা এই ঘটনায় আহত তাদেরও দ্রুত সুস্থতার প্রার্থনা করেন। অন্যদিকে টাটা গোষ্ঠীর ভূমিকায় সন্তোষ প্রকাশ করেন শত্রুঘ্ন সিনহা। তিনি বলেন, যেভাবে দুর্ঘটনা ঘটার পরেই টাটা গোষ্ঠী মৃতদের প্রত্যেকের পরিবারকে এক কোটি টাকা করে আর্থিক ক্ষতিপূরণ দেওয়ার ঘোষণা করেছেন তাকে আমি





শুভেচ্ছা জানাই। তবে পাশাপাশি এটাই চাইব যে যত তাড়াতাড়ি সম্ভব তদন্ত রিপোর্ট প্রকাশ হোক।

গুজরাতের প্রাক্তন মুখ্যমন্ত্রী বিজয় রূপানির মৃত্যু হয়েছে এই বিমান দুর্ঘটনায়। সে বিষয়ে বলতে গিয়ে শত্রুঘ্ন সিনহা বলেন, আমার সঙ্গে ব্যক্তিগত আলাচারিতা হয়তো ছিল না। কিন্তু তার পরিবারের প্রতিও আমি সমবেদনা জানাই। তবে শুধু রূপানি সাহেব নয়, তাঁর মতো এই ঘটনায় প্রাণ হারিয়েছে তাদের প্রত্যেকের শান্তির জন্য আমি প্রার্থনা জানাই এবং তাদের পরিবারের প্রতি আমি সমবেদনা জানাচ্ছি।

# বেহাল রাস্তা, সারাইয়ের দাবি

নিজস্ব প্রতিবেদন, মেমারি: মেমারি তারকেশ্বর রোডের পূর্ব বর্ধমানের জামালপুরের চৌবেরিয়া পুলের রাস্তা খানাখন্দে পরিণত হওয়ায় প্রায়ই দুর্ঘটনা ঘটছে। প্রতিদিন এই রাস্তা দিয়ে প্রশাসনিক আধিকারিকরা যাতায়াত করলেও কোনওরকম মেরামতের ব্যবস্থা গ্রহণ করেনি জামালপুর ব্লক প্রশাসনের পক্ষ থেকে। গুরুত্বপূর্ণ এই রাজ্য সড়কটি তারকেশ্বর থেকে জামালপুর, জামালপুর থেকে মেমারি কয়েক হাজার হাজার গাড়ি প্রতিনিয়ত যাতায়াত করছে। দীর্ঘদিন ধরে চৌবেরিয়া পুল অর্থাৎ ব্রিজটির রাস্তা অতীব বেহাল অবস্থায় পরিণত হয়েছে। গর্ত সৃষ্টি হয়েছে ব্রিজের মাঝখানে, যেখানে বাইক ও টোটো সহ ছোট যান চলাচলের ক্ষেত্রে ব্যাপক সমস্যার মধ্যে পড়তে হচ্ছে। দুর্ঘটনা কমাতে দ্রুত প্রশাসন যাতে ব্যবস্থা গ্রহণ করে সেই দাবি তুলেছেন এলাকাবাসী ও নিত্যযাত্রীরা।

# কাটোয়া থেকে দিঘা ও পুরুলিয়াগামী যাত্রীবাহী বাস চালু

**নিজস্ব প্রতিবেদন, কাটোয়া:** দীর্ঘ প্রতীক্ষার অবসান। এবার পূর্ব বর্ধমানের কাটোয়া শহর থেকে সরাসরি যাওয়া যাবে রাজ্যের দুই গুরুত্বপূর্ণ জায়গায়। একটি হল দিঘা, অন্যটি হল পুরুলিয়া। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা চালু করল দুটি দূরপাল্লার নতুন যাত্রীবাহী বাস পরিষেবা। যার ফলে কাটোয়ার সঙ্গে প্রথমবারের মতো সরাসরি যোগাযোগ স্থাপিত হল এই দুই শহরে। শুক্রবার কাটোয়া বাসস্ট্যান্ডে আয়োজিত এক অনুষ্ঠানে বাস দুটির সূচনা করেন জেলা শাসক আয়েষা রানি এ, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার চেয়ারম্যান সুভাষ মণ্ডল, জেলা পুলিশ সুপার সায়ক দাস, কাটোয়ার বিধায়ক রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায় এবং পুরপ্রধান সমীর কুমার সাহা। ফ্ল্যাগ নাড়িয়ে বাস দুটির যাত্রা শুরু হয় এদিন।



একটি বাস কাটোয়া থেকে দিঘা (ভায়া বর্ধমান, আরামবাগ)। অন্যটি কাটোয়া থেকে পুরুলিয়া (ভায়া দুর্গাপুর, বাঁকুড়া)। প্রতিদিন এই বাসগুলো কাটোয়া থেকে ছাড়বে এবং দিঘা ও পুরুলিয়া থেকেও ফিরে আসবে। দীর্ঘদিন ধরে কাটোয়া থেকে সরাসরি এই রুটগুলোতে কোনও সরকারি বা বেসরকারি বাস পরিষেবা ছিল না। নতুন এই যোগাযোগ ব্যবস্থা শহরের মানুষের জন্য যেমন সহায়ক, তেমনই পর্যটন শিল্পেও বড়সড় সম্ভাবনা তৈরি করল।

# নয়ানজুলিতে উলটে গেল গাড়ি, অল্পের জন্য রক্ষা চালকের

**নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান:** শুক্রবার বর্ধমান-আরামবাগ রাজ্য সড়কে ঘটল এক ভয়াবহ দুর্ঘটনা। শুক্রবার আরামবাগ থেকে বর্ধমানের দিকে যাওয়ার পথে মিরেপোতা বাজার এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে নয়ানজুলিতে পড়ে যায় একটি চারচাকা গাড়ি। স্থানীয় সূত্রে খবর, অতিরিক্ত গতি এবং চালকের অসাবধানতার জেরেই ঘটে এই দুর্ঘটনা। গাড়িটি রাস্তার ধারে নয়ানজুলিতে পড়ে গেলেও সৌভাগ্যবশত বড়সড় বিপদ থেকে রক্ষা পান চালক। ঘটনার খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় সেহারাবাজার ফাঁড়ির পুলিশ। পুলিশ পৌঁছে উদ্ধার করে গাড়ি ও চালককে। গাড়িটি বেশ ক্ষতিগ্রস্ত হলেও চালক সম্পূর্ণ বিপদমুক্ত রয়েছেন বলে জানা গিয়েছে। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়ালেও বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পাওয়া গিয়েছে বলেই মত স্থানীয়দের।

# চাঁদা দিতে অস্বীকার, দু'টি পরিবারকে এলাকা-ছাড়া করার অভিযোগ মাটি মাফিয়াদের বিরুদ্ধে

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** চাঁদাবাজির প্রতিবাদ করায় বাড়িঘর ভাঙচুর করে দুটি পরিবারকে এলাকাছাড়া করার অভিযোগ উঠেছে মাটি মাফিয়াদের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে কালিয়াচক থানার মহম্মদনগর এলাকার মাস্টারপাড়ায়। রীতিমতো প্রাণভয়ে নিজের আটকাঠা জায়গা ছেড়ে দিয়ে অন্য এক আত্মীয়ের বাড়িতে আশ্রয় নিয়েছে দুটি পরিবারের সদস্য। পেশায় মুদি ব্যবসায়ী নাজিমুল ইসলাম ইতিমধ্যে এই হামলার ঘটনায় আলিম শেখ, ফারেক শেখ, শাহজাহান শেখ সহ তার দলবলের বিরুদ্ধে কালিয়াচক থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন। কিন্তু পুলিশের সহযোগিতা না মেলায় আতঙ্কে নিজের জায়গায় ফিরতে পারছেন না ওই মুদি ব্যবসায়ীর পরিবার। পাশাপাশি নিজের সম্পত্তি ফিরে পেতে শুক্রবার মালদা আদালতের দ্বারস্থ হয়েছেন কালিয়াচকের ওই ব্যবসায়ী পরিবার। পুলিশকে অভিযোগে জমির মালিক নাজিমুল ইসলাম জানিয়েছেন, তারা তিনজন দূর সম্পর্কের ভাই মিলে ২০১৯ সালে মাস্টারপাড়া এলাকায় আটকাঠা জায়গা কিনেছিলেন। বর্তমানে তিনি পরিবার নিয়ে সেখানেই বসবাস করতেন। তাদের বাড়িতে ভাড়াটিয়াও রয়েছে। সম্প্রতি নিজেদের জায়গায় বাড়ি তৈরি করতে গিয়ে স্থানীয় মাটি মাফিয়াদের বাধার সম্মুখীন হন ওই মুদি ব্যবসায়ী নাজিমুল ইসলাম। তাকে মোটা টাকা চাঁদাবাজির হুমকি দেয় অভিযুক্তরা। শুধু তাই নয়, টাকা না দিলে ওই জায়গা অন্যজনের মালিকানা দেখে দখল করে নেওয়ার হুমকি দেওয়া হয়েছে। এরপরই দিন রাত্রে অভিযুক্তরা দলবল নিয়ে অতর্কিতে বাড়িতে হামলা চালায়, গোটা বাড়িঘর ভাঙচুর করে দেওয়া হয়েছে। টাকা পয়সা সোনার অলংকার সব কিছু লুট করেছে দুষ্কৃতীরা। শুধু তাই নয়, ভাড়াটিয়া মহিলার শ্লীলতাহানি করে মারধর করা হয়।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন রাতের



হামলায় নাজিমুল ইসলাম (৫৮) তার ভাড়াটিয়া সাকিবুল খান (৪৫) এবং তার স্ত্রী রুবিনা খাতুন (৩৬) দুষ্কৃতীদের হামলায় আহত হয়েছেন। যদিও নিকটবর্তী হাসপাতাল থেকে চিকিৎসার পর তাদের ছেড়ে দেওয়া হয়। রাতেই এই হামলার ঘটনায় অভিযোগ দায়ের করেন রুবিনা খাতুন এবং জমির মালিক নাজিমুল ইসলাম। আর তারপর থেকেই নাজিমুলের জায়গা এবং বাড়িতে ঢুকতে দেওয়া হচ্ছে না বলে অভিযোগ। নাজিমুল ইসলাম বলেন, দীর্ঘদিন ধরে মাদক কারবারের সঙ্গে যুক্ত দুষ্কৃতীরা আমার জায়গা দখল করে নিতে চাইছে। ওরা চাঁদাবাজি করছে। লক্ষ লক্ষ টাকা চাইছে। তার প্রতিবাদ করাতেই একজনকে মিথ্যা মালিক সাজিয়ে ওদের জায়গা বলে দাবি করা হচ্ছে। প্রাণভয়ে বাড়ি ফিরতে পারছি না তাই শুক্রবার মালদা আদালতের দ্বারস্থ হয়েছি। প্রাণভয়ে এক আত্মীয়র বাড়িতে গোপনে আশ্রয় নিয়েছি। পুলিশের কাছেও বেশ কয়েকবার গিয়েছি। কিন্তু কোনওরকম সহযোগিতা পাচ্ছি না। এদিকে যাদের বিরুদ্ধে অভিযোগ তাদের নাকি খোঁজ চালিয়েও পাচ্ছে না কালিয়াচক থানার পুলিশ। যদিও এব্যাপারে সংশ্লিষ্ট থানা কর্তৃপক্ষ কোনওরকম মন্তব্য করে নি। পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব জানিয়েছেন, পুরো বিষয়টি খোঁজ নিয়ে দেখা হচ্ছে।

# বাদুড়িয়ায় পথদুর্ঘটনা, মৃত এক, জখম ১০

**নিজস্ব প্রতিবেদন, বসিরহাট:** শুক্রবার সকাল নটা নাগাদ বাদুড়িয়ার কেওটশা বাসস্টপে যাত্রী বোঝাই বাস পিছন থেকে ধাক্কা মারে সামনে দাঁড়িয়ে থাকা একটি ম্যাজিক গাড়িকে। ম্যাজিক গাড়ি থেকে ছিটকে পড়ে যান কয়েকজন। মূল রাস্তায় পড়ে থাকা এক যুবকের উপর দিয়ে পিছন থেকে আসা দ্রুতগতির একটি বালি বোঝাই লরি চলে যায়। পিষ্ট হয়ে ঘটনাস্থলে মারা যান বছর ৩৯ এর ওই যুবক। যুবকের নাম ও পরিচয় এদিন দুপুর পর্যন্ত জানা যায়নি। উত্তর ২৪ পরগনার বাদুড়িয়ার কেওটশা বাজারের চৌরাস্তার মোড়েই বাসস্টপে সাতসকালে এই দুর্ঘটনা ঘটে। জখম ১০ জন এবং দু'জনকে আশঙ্কাজনক অবস্থায় বাদুড়িয়া রুদ্রপুর গ্রামীণ হাসপাতালে স্থানান্তরিত করা হয়। পুলিশ মৃতদেহটি ময়নাতদন্তের জন্য বসিরহাট জেলা হাসপাতালে পাঠিয়েছে। দুর্ঘটনাগ্রস্ত ম্যাজিক ও বাসটিকে চালক-সহ আটক করেছে। লরিটিকে নিয়ে আটক করা হলেও চালক পালিয়ে যায়। পুলিশ তার সন্ধান চালাচ্ছে। এলাকার মানুষের দাবি এই দুর্ঘটনা প্রথম নয়, প্রতিনিয়ত ঘটে। তেঁতুলিয়া- মসলন্দপুর রোড অত্যন্ত ব্যস্ততম। এই রোডে কেওটশা চৌরাস্তার মোড়ে যথাযথ ট্রাফিক পুলিশ মোতায়েন করা হয় না। যার ফলস্বরপ, এই দুর্ঘটনা ঘটে চলেছে। প্রশাসনের কাছে স্থানীয়দের দাবি কেওটশা, রামচন্দ্রপুর, চাতরা এলাকায় দ্রুত ট্রাফিক পুলিশ মোতায়েন করা হোক। তার সঙ্গে তেঁতুলিয়া ব্রিজের কাছে মা নার্সিংহোম থেকে কুলিয়াগামী একটি রাস্তা রয়েছে, ওই জায়গাটি অত্যন্ত ভয়ঙ্কর ওখানেও প্রশাসনের তরফ থেকে দ্রুত ট্রাফিক পুলিশ ও ব্যারিকেড করা হোক। প্রতিবছর তেঁতুলিয়া মসলন্দপুর রোডে একাধিক জন প্রাণ হারাচ্ছে। দিনের পর দিন এর সংখ্যা বেড়েই চলেছে। প্রশাসন ও পুলিশ দ্রুত ব্যবস্থা গ্রহণ করুক। এদিন পুলিশকে ঘিরে স্থানীয় মানুষরা বিক্ষোভ দেখায়।

# দুর্নীতির তদন্ত চেয়ে ৯ দফা দাবি-সহ ডেপুটেশন পেশ


**নিজস্ব প্রতিবেদন, পুরুলিয়া:** পুরুলিয়া জেলার রঘুনাথপুর পুরসভায় কাউন্সিলরদের দুর্নীতিকে কেন্দ্র করে গোষ্ঠীদ্বন্দ্বের ফলে পুরবোর্ড খারিজ করে প্রশাসক বসানো হয়। প্রশাসক বসানোর পর থেকেই পুরসভার অচলাবস্থা সৃষ্টি হয়েছে। সামান্য কিছু কাজের জন্য বারে বারে নাগরিকদের হয়রানি হতে হচ্ছে। বিভিন্ন ওয়ার্ডে ড্রেন-আবর্জনা পরিষ্কার থেকে শুরু করে প্রতিদিনের যে কাজ সে কাজও অবহেলিত হচ্ছে। এরকম একটা পরিস্থিতিতে শুক্রবার এসইউসিআই(সি) রঘুনাথপুর শহর লোকাল কমিটির পক্ষ থেকে পুরসভার দুর্নীতির যথাযথ তদন্ত করে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি সহ ৯ দফা দাবিতে রঘুনাথপুর দলীয় কার্যালয় থেকে একটি মিছিল করে দীর্ঘক্ষণ বিক্ষোভ দেখানো হয়। পরে পুর প্রশাসকের নিকট ডেপুটেশন দেওয়া হয়। প্রশাসক উপস্থিত না থাকায় উনার প্রতিনিধি (ডেপুটি মেজিস্ট্রেট) ডেপুটেশন নেন। তিনি প্রতিটি দাবির যৌক্তিকতা বিচার করেন এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন। এই ডেপুটেশন কর্মসূচিতে নেতৃত্ব দেন রঘুনাথপুর শহর লোকাল কমিটি সম্পাদিকা বন্দনা ভট্টাচার্য। এছাড়াও উপস্থিত ছিলেন পুরুলিয়া উত্তর সাংগঠনিক জেলা কমিটির সম্পাদক লক্ষ্মীনারায়ণ সিনহা। এসইউসিআই (সি) নেতৃত্বের পক্ষ থেকে জানানো হয় প্রশাসন কয়েকটি দাবি পূরণে দু'সপ্তাহ সময় নিয়েছেন, এই দুই সপ্তাহের মধ্যে সেই দাবিগুলো পূরণ না হলে আমরা আগামী দিনে আরও বৃহত্তর আন্দোলন গড়ে তুলব।

# নীল ছবি দেখিয়ে নাবালিকা কন্যাকে লাগাতার ধর্ষণের অভিযোগ সৎ বাবার বিরুদ্ধে

**নিজস্ব প্রতিবেদন, হাড়োয়া:** অশ্লীল ভিডিও দেখিয়ে নাবালিকা কন্যাকে লাগাতার ধর্ষণের অভিযোগ সৎ বাবার বিরুদ্ধে। বসিরহাটের হাড়োয়া থানা এলাকার ঘটনা। পরিবার সূত্রে জানা গিয়েছে, ১৩ বছরের নাবালিকা কন্যাকে ভিডিও দেখিয়ে এবং বিভিন্ন ভাবে আকর্ষণ করে নাবালিকা কন্যাকে তিন থেকে চার মাস ধরে লাগাতার ধর্ষণ করার অভিযোগ উঠল সৎ বাবার বিরুদ্ধে। পরিবার সূত্রে জানা গিয়েছে, ধর্ষণ করার পরেও বিষয়টি যাতে জানাজানি না হয় তার জন্য লাগাতার হুমকি দিতেন ওই গুণধর সৎ বাবা। তারপর পরে বিষয়টি জানাজানি হতেই নাবালিকা কন্যার মাসি হাড়োয়া থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে হাড়োয়া থানার পুলিশ পকসো আইনে একটি মামলা রুজু করে ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত শুরু করেছে। পাশাপাশি ওই অভিযুক্তকে গ্রেপ্তার করে ইতিমধ্যে জিজ্ঞাসাবাদ শুরু করেছে পুলিশ। ধৃতের নাম আব্দুল্লা মণ্ডল। অন্যদিকে বিষয়টি ১০৯৮ এর মাধ্যমে চাইল্ড লাইনে জানালে জেলা শিশু সুরক্ষা দপ্তরের পক্ষ থেকেও বিষয়টি নজরে রাখা হয়েছে এবং তাদের প্রতিনিধি পাঠিয়ে বিষয়টি ইতিমধ্যে খোঁজখবর শুরু করেছেন। চাইল্ড লাইনের প্রতিনিধি তমাল রায় বলেন, এই ঘটনার তীব্র প্রতিবাদ করছি এবং অভিযুক্তের কঠোর শাস্তির দাবি করছি এবং নাবালিকা কন্যার পাশে আমরা আছি যতক্ষণ পর্যন্ত এই দোষী ব্যক্তি শাস্তি না পাচ্ছে। স্থানীয় জনপ্রতিনিধিরাও কঠোর শাস্তির দাবি জানিয়েছেন। ধৃতকে শনিবার বসিরহাট মহকুমা আদালতে পেশ করা হবে।

# মা সারদা দেবী স্বয়ং মা বিশালাক্ষ্মীর পুজো করে গিয়েছিলেন আরামবাগের এই মন্দিরে!

**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** মা সারদা দেবী স্বয়ং মা বিশালাক্ষ্মীর পুজো করে গিয়েছিলেন এই মন্দিরে। এমনই জনশ্রুতি মুখে মুখে। আরামবাগের এই প্রাচীন মন্দির ঘিরে রয়েছে নানা ইতিহাস। বিশালাক্ষ্মী মন্দিরটি আরামবাগের বিক্রমপুরে অবস্থিত। প্রাচীন স্থাপত্য ও ভাস্কর্যের অপূর্ব নিদর্শন হল এই মা বিশালাক্ষ্মী মন্দির। বিশালাক্ষ্মী মন্দিরটি উঁচু ভিত্তি বেদির উপর প্রতিষ্ঠিত, দক্ষিণমুখী ও আটচালা শৈলী রয়েছে। মন্দিরে আছে তিনটি খিলানযুক্ত প্রবেশপথ, যা প্রাচীন ইতিহাসের সাক্ষী বহন করে। বিশালাক্ষ্মী মন্দির আরামবাগ গৌরহাটি মোড় থেকে প্রায় তিন কিলোমিটার দূরে পারুলের বিক্রমপুর গ্রামে শতাব্দী প্রাচীন এই মন্দির অবস্থিত। বঙ্গীয় আটচালা স্থাপত্য এর প্রভাব দেখা যায় এই মন্দিরের গঠনে। এই মন্দির নিয়ে অনেক গল্প প্রচলিত আছে। রাজা বিক্রমাদিত্যের নামে এই গ্রামের নাম বিক্রমপুর যাকে নিয়ে তাল বেতাল গল্পে বর্ণিত মন্দির নাকি এই মন্দির। এছাড়াও যখন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় আরামবাগের ম্যাজিস্ট্রেট পদে ছিলেন তখন নাকি তাঁর কালজয়ী উপন্যাস কপালকুন্ডলা এই মন্দিরের পটভূমিতেই রচনা করেন। প্রচুর গাছপালা পরিবেষ্টিত গ্রাম্য



পরিবেশের মধ্যে এই মন্দির অবস্থিত। মন্দির সংলগ্ন বিস্তৃত শ্মশান ভূমি রয়েছে। পাশেই মা কালীর মন্দির। জানা গেছে, মন্দিরটি প্রতিষ্ঠিত হয়েছিল ১২৬৬ সালে। মন্দিরে একটি ক্ষয়িষ্ণু প্রতিষ্ঠা ফলক রয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক মাধবপুরের রায় বংশের একজন সদস্য জানান, বর্ধমান রাজার স্বপ্নাদেশে তৈরি হয় মন্দির। রাজা দায়িত্ব তুলে দেন স্থানীয় রায় বংশের জমিদারের হাতে। বিক্রমপুর থেকে পেরিয়ে মাধবপুরের সেই রায় বংশই আজও দেখভাল করে মা বিশালাক্ষ্মী মন্দিরের। পুরোহিত, সেবাইতরা বংশ পরম্পরায় পুজো করছেন। এই বিষয়ে বিশিষ্ট শিক্ষক তথা লেখক বিভাংশু দত্ত জানান, এই বিশালাক্ষ্মী মন্দির খুবই প্রাচীন ও ঐতিহাসিক নিদর্শন বহন করে। চারিদিকে মন্দিরের সামনে টেরাকোটা'র অলংকরণ আছে। খুব প্রাচীন কারুকাজ। মন্দিরের টেরাকোটার বিষয়বস্তুর মধ্যে লক্ষ্য করা যায় রাম রাবণের যুদ্ধ, বিভিন্ন দেবদেবীর মূর্তি সহ বিভিন্ন কাহিনি। গর্ভগৃহের প্রবেশদ্বারের দুপাশে আছে দুটি দ্বারপালের মূর্তি। মন্দিরের সামনে একটি টিনের চালের নাটমন্দির রয়েছে। প্রাচীন নাগর স্থাপত্যশৈলীর নিদর্শন বহন করে। কথিত আছে এই মন্দির ও নিকটস্থ দিঘি স্থানীয় জমিদার রণজিৎ রায়ের কীর্তি। এই মন্দির নিয়ে একটি লোকশ্রুতি প্রচলিত আছে। রণজিৎ রায়েকে দেবী বিশালাক্ষ্মী প্রতিশ্রুতি দেন যে তিনি তাঁর কন্যা হয়ে জন্মাবেন কিন্তু যদি কোনওদিন তাঁকে চলে যেতে বলা হয় তবে তিনি তৎক্ষণাৎ চলে যাবেন। একদিন বারুণী উৎসবের দিন কন্যারূপী দেবী রণজিৎ রায়ের কাছ থেকে স্নানে যাওয়ার অনুমতি চান। অন্যমনস্কভাবে তিনি অনুমতি দেন। অতঃপর দেবী চিরকালের জন্য ওই দিঘির জলে বিলীন হয়ে যান। বর্তমানেও শরৎকালের আশ্বিন মাসের দুর্গা পুজোর ষষ্ঠীর দিন মা বিশালাক্ষ্মীকে রণজিৎ রায়ের বংশধর দ্বারা গড়বাড়ির প্রাচীন দুর্গা মন্দিরের পৃথক বেদিতে পূজিত হন, এমনটাই জানান রাজা রণজিৎ রায়ের বংশধর দীপক কুমার রায়।

**ডিএআর ক্রেডিট অ্যান্ড ক্যাপিটাল লি.**
CIN : U65999WB1994PLC064438
**রেজি. অফিস :** বিজনেস টাওয়ার, ২০৬ এজেসি বোস রোড, ৭ম তল, ইউনিট নং ৬বি
কলকাতা - ৭০০০১৭, **ফোন :** ০৩৩ ৪০৬৪৬৪৯৫
**ইমেল :** co.secretary@darcredit.com, **ওয়েবসাইট :** www.darcredit.com

**ভিডিও কনফারেন্সিং/আদার অডিও-ভিজ্যুয়াল মিনস মাধ্যমে অনুষ্ঠিতব্য ৩১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি**

১. এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে,দার ক্রেডিট অ্যান্ড ক্যাপিটাল লিমিটেড (কোম্পানি) এর ৩১ বার্ষিক সাধারণ সভা (এজিএম) বুধবার ১৬ জুলাই ২০২৫ বিকেল ৩ টায় ভিডিও কনফারেন্সিং (ভিসি) /অন্যান্য অডিও-ভিসুয়াল মিনস (ওএভিএম) মাধ্যমে এজিএম নোটিশে উল্লিখিত বিষয় সমূহ সম্পাদনের জন্য অনুষ্ঠিত হবে, ২০১৩ সালের কোম্পানি আইন (আইন) তৎসহ সাধারণ সার্কুলার নং ০৯/২০২৪ তারিখ ১৯ সেপ্টেম্বর ২০২৪, কর্পোরেট বিষয়ক মন্ত্রক কর্তৃক জারি করা (এমসিএ) এবং সার্কুলার নং সেবি/এইচও/সিএফডি/সিএফডি-পিওডি-২/ পি/সিআইআর/ ২০২৪/১৩৩ তারিখ ৩ অক্টোবর ২০২৪, সিকিউরিটিজ এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (সেবি) কর্তৃক জারি করা তৎসহ পঠিত পূর্ব সার্কুলার (পরবর্তীতে সামগ্রিকভাবে সার্কুলারসমূহ হিসেবে উল্লিখিত) অনুযায়ী, সদস্যগণের শারীরিক উপস্থিতি ব্যতীত জ্ঞাত স্থানে অনুষ্ঠিত হবে।
২. উপরোক্ত সার্কুলারগুলি মেনে, ২০২৪-২৫ অর্থবছরের জন্য কোম্পানির বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন ("বার্ষিক প্রতিবেদন") কেবলমাত্র বৈদ্যুতিন মাধ্যমে সেইসব সদস্যদের কাছে পাঠানো হবে যাদের ইমেল আইডি কোম্পানি/রেজিস্ট্রার এবং ট্রান্সফার এজেন্ট/ডিপোজিটরিতে নিবন্ধিত। উপরোক্ত নথিগুলি কোম্পানির ওয়েবসাইট www.darcredit.com এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট যেমন বিএসই লিমিটেড এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেডের ওয়েবসাইট www.bseindia.com এবং www.nseindia.com-এ এবং এনএসডিএল-এর ওয়েবসাইট www.evoting.nsdl.com-এও পাওয়া যাবে, কারণ রিমোট ই-ভোটিং সুবিধা প্রদানের জন্য কোম্পানি নিযুক্ত সংস্থা।
৩. ডিমেটেরিয়ালাইজড মোডে শেয়ারধারী এবং যারা কোম্পানি/রেজিস্ট্রার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট ("আরটিএ") এর সাথে তাদের ইমেল আইডি নিবন্ধন/আপডেট করেননি, তাদের ইমেল আইডি ডিপোজিটরি অংশগ্রহণকারী(দের) সাথে নিবন্ধন/আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে যাদের সাথে তারা তাদের ডিম্যাট অ্যাকাউন্ট বজায় রাখেন।
৪. ই-ভোটিং এর মাধ্যমে ভোটদানের পদ্ধতি :
(ক) সদস্যরা ইলেকট্রনিক ভোটদান পদ্ধতির মাধ্যমে বার্ষিক সাধারণ সভার নোটিশে ("ই-ভোটিং") উল্লেখিত বিষয়ে তাদের ভোটদানের সুযোগ পাবেন।
(খ) ডিমেটেরিয়ালাইজড মোডে শেয়ারধারী এবং যারা তাদের ইমেল আইডি নিবন্ধন করেননি তাদের জন্য বার্ষিক সাধারণ সভার রিমোটলি ("রিমোট ই-ভোটিং") এবং ই-ভোটিং পদ্ধতি বার্ষিক সাধারণ সভার নোটিশে প্রদান করা হয়েছে।
(গ) বার্ষিক সাধারণ সভার সময়ও ই-ভোটিং সুবিধা প্রদান করা হবে এবং বার্ষিক সাধারণ সভার অংশগ্রহণকারী এবং যারা দূরবর্তী ই-ভোটিং এর মাধ্যমে তাদের ভোটদান করেননি তারা বার্ষিক সাধারণ সভার ই-ভোটিং এর মাধ্যমে তাদের ভোটদান করতে পারবেন।
(ঘ) ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়ার জন্য লগইন শংসাপত্রগুলি ইমেলের মাধ্যমে সদস্যদের কাছে উপলব্ধ করা হবে। যে সদস্যরা ইমেল বা শংসাপত্রগুলি ইমেলের মাধ্যমে পাননি বা যাদের ইমেল আইডি কোম্পানি/ডিপোজিটরি অংশগ্রহণকারীদের(দের) সাথে নিবন্ধিত নয়, তারা বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে প্রদত্ত নির্দেশাবলী অনুসরণ করে লগইন শংসাপত্র তৈরি/প্রাপ্ত করতে পারবেন। একই লগইন শংসাপত্রগুলি ভিসি/ওএভিএমের মাধ্যমে বার্ষিক সাধারণ সভার অংশগ্রহণের জন্যও ব্যবহার করা যেতে পারে।
উপরোক্ত তথ্য কোম্পানির সকল সদস্যের তথ্য এবং সুবিধার জন্য জারি করা হচ্ছে এবং সময়ে সময়ে সংশোধিত পূর্বোক্ত এমসিএ এবং সেবি সার্কুলারগুলির সাথে সঙ্গতিপূর্ণ।

ডিরেক্টর বোর্ডের পক্ষে
**ডিএআর ক্রেডিট অ্যান্ড ক্যাপিটাল লি.**
স্বা/-
প্রিয়া কুমারী
কোম্পানি সেক্রেটারি অ্যান্ড কমপ্লায়েন্স অফিসার

স্থান : কলকাতা
তারিখ : ১৪.০৬.২০২৫

# পার্সোনাল লোন করিয়ে দেওয়ার নাম করে অভিনব প্রতারণার ফাঁদ রাজ্যে

## কোন্নগর থেকে ১ অভিযুক্তকে গ্রেপ্তার করল বিধাননগর থানার পুলিশ

**নিজস্ব প্রতিবেদন, কোন্নগর:** গ্রাহকের নথি ব্যবহার করে দামি ফোন কেনার জন্য প্রথমে লোন তোলা হত। তারপর লোনের টাকায় ফোন কিনে গ্রাহকের হাতে না দিয়ে সেটা বিক্রি করে দিত প্রতারক। হাতিয়ে নিত ফোন বিক্রির টাকাও। পার্সোনাল লোন করিয়ে দেওয়ার নাম করে অভিনব প্রতারণার ফাঁদ রাজ্যে। জানা গিয়েছে, বহু মানুষের থেকে তাদের নথি সংগ্রহ করে সেই নথির অপব্যবহার করে হাতিয়ে নেওয়া হত টাকা। এদিকে গ্রাহকরা ফোনও পেতেন না অথচ মাসে মাসে লোন শোধ করে যেত হত। প্রতারিত হয়েছেন বুঝতে পেরে থানার দ্বারস্থ হন প্রতারিতরা।

প্রতারণার এই ঘটনায় এবার মূল অভিযুক্ত পুলিশের জালে। হুগলি জেলার কোন্নগরের বাসিন্দা সৌমিক ভট্টাচার্যকে প্রতারণার অভিযোগে গ্রেপ্তার করেছে বিধাননগর থানার পুলিশ। বহু দিন ধরেই সৌমিক এই প্রতারণা চক্র চালাচ্ছিল বলে জানা গিয়েছে। তাঁর প্রতারণার শিকার হয়েছেন হুগলি জেলা থেকে শুরু করে হাওড়া বিধাননগর কলকাতা-সহ বিভিন্ন এলাকার মানুষ।

হুগলি জেলার কানাইপুর এলাকার বাসিন্দা অরূপ দে জানান, তিনিও এই প্রতারণার শিকার হয়েছেন। তাঁর নামেও কেনা হয়েছে এক লক্ষ ত্রিশ হাজার টাকা দামি ফোন। অরূপ বলেন, এই সৌমিক পার্সোনাল লোন করিয়ে দেওয়ার নাম করে তাঁর সঙ্গে যোগাযোগ করেন। এরপর একদিন লোন করানো হবে বলে অফিসে নিয়ে যাওয়ার নাম করে ডানকুনির একটি ফোনের দোকানে নিয়ে যান।'

সেখানে অরূপকে বলা হয়, প্রথমে তাঁর ডকুমেন্টস দিয়ে একটা যে কোনও জিনিস নেওয়া হবে কিন্তু তার জন্য কোনও টাকা কাটা হবে না। এই বলে অরূপের নামে দামি ফোন নেন সৌমিক। তার পর অরূপকে বলা হয়, কিছুদিনের মধ্যেই লোনের টাকা পেয়ে যাবে। কিন্তু কিছু দিন বাদেই ফোনের ইএমআই কাটার মেসেজ আসতেই মাথায় হাত পড়ে তাঁর। তিনি বলেন, 'আমি না ফোন পেয়েছি, না লোনের টাকা পেয়েছি। কিন্তু আমাকে এখন ইএমআই দিতে হচ্ছে। আমাদের মতো বহু মানুষের সঙ্গে এভাবে প্রতারণা করা হয়েছে দোষীর কঠিন সাজা হওয়া দরকার। আর ইএমআই কোম্পানি আমাদের টাকা কাটা বন্ধ করুক।

একইরকম ভাবে প্রতারণার শিকার কোন্নগরের আরেক বাসিন্দা মৌমিতা সিং। তিনি বলেন, আমাদের পার্সোনাল লোন করিয়ে দেওয়ার নাম করে সৌমিক আমাদের পরিবারে আমার, আমার স্বামীর ও আমার মায়ের নামে প্রায় চার লক্ষ টাকার ফোন কিনে নেন আমাদের ডকুমেন্টস ব্যবহার করে। আমাকে সৌমিক বলে, আমার একার নামে বেশি লোন হবে না, তাই আমাদের পরিবারের সকলের নামে ভাগ করে দেওয়া হবে। প্রথমে আমাকে নিয়ে কলকাতা একটি বড় ফোনের শোরুমে নিয়ে গিয়ে সেখানে আমার হাতে একটা দামি ফোন ধরিয়ে ছবি তুলে নেওয়া হয়। তারপর আমায় বলে বাড়ি চলে যেতে কিছু সময় পরে লোনের টাকা পেয়ে যাব।

মৌমিতা পাল্টা প্রশ্ন করতে প্রতারক তাকে বোঝায়, ফোনের দরকার না থাকলেও এটা প্রথমে করতে হয় কিন্তু এর টাকা কাটা হবে না। যখন লোন হবে শুধু লোনের টাকাই দিতে হবে। কিন্তু কিছুদিন পরেই ওই মহিলার কাছে ইএমআই এর মেসেজ আসে। উল্লেখ্য, মৌমিতা সিংয়ের পরিবারের সঙ্গেই প্রায় চার লক্ষ টাকা প্রতারণা করা হয়েছে। বিধাননগর সিটি পুলিশের ইলেকট্রনিক্স কমপ্লেক্স থানায় শুক্লা পরেল নামে একজন একই ধরনের অভিযোগ করেন। সেই অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে পুলিশ। তারপরই অভিযুক্তকে হাওড়া দাসনগর থানা এলাকা থেকে গ্রেপ্তার করা হয়। এই বিষয়ে কোন্নগর পুরসভার পুরপ্রধান স্বপন দাস বলেন, ছেলেটি আগে নবগ্রাম এলাকায় থাকত। কিছু বছর এদিকে ফ্ল্যাট কিনে এসেছে। আগেও এর বিরুদ্ধে এসব কথা শোনা যেত। এরা প্রত্যেকেই খুবই উচ্চাকাঙ্খী। হাই-ফাই লাইফস্টাইল ছিল এদের। সৎ পথে নিশ্চই এভাবে জীবন যাপন সম্ভব নয়। তাই আবার প্রতারণা করে মানুষকে বিপদে ফেলছে।

## হাওড়ার শিশু নিগ্রহ-কাণ্ডের ছায়া এবার পূর্ব বর্ধমানের আউশগ্রামে



**নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান:** বুধবার আউশগ্রামের একটি দোকানে চুরির সন্দেহে বছর দশেকের এক বালককে গাছে বেঁধে বেধড়ক মারধরের অভিযোগ উঠল এক ব্যবসায়ীর বিরুদ্ধে। ঘটনার পর সন্ধ্যায় গ্রামের শিবতলায় ফের সভা ডাকা হয়। সেখানে গ্রামবাসীর একাংশের উপস্থিতিতে ওই বালকটিকে হাজির করানো হয় বলে অভিযোগ। বৃহস্পতিবার স্থানীয় বননবগ্রাম ব্লক স্বাস্থ্যকেন্দ্রে ওই নাবালকের চিকিৎসা করিয়ে ওই ব্যক্তির বিরুদ্ধে আউশগ্রাম থানায় লিখিত অভিযোগ করেন নাবালকের মা। পুলিশ জানিয়েছে, সুব্রত গাঙ্গুলি নামের ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ওই নাবালকের বাবা চেন্নাইয়ে রাজমিস্ত্রির কাজ করেন। তার মায়ের অভিযোগ, ওদের দোকানে ঢুকে চুরি করেছে সন্দেহে তার ছেলেকে ওরা কদম গাছের সঙ্গে বেঁধে বাঁশ দিয়ে বেধড়ক মেরেছে। এতে ছেলের দুই পায়ে কালশিটে পড়ে গিয়েছে। সারা রাত ছেলে ঘুমাতে পারেনি।

যদিও এই ঘটনায় ক্ষোভে ফেটে পড়েন স্থানীয় বাসিন্দারা। তাঁরা ক্ষোভ প্রকাশ করে বলেন, ওকে মেরে মেরে দুটো লাঠি ভেঙে ফেলেছে। ছেলেটির অবস্থা খুব খারাপ হয়ে গিয়েছিল। এভাবে একটা ছোট ছেলেকে মারবে কেন। ঘটনার তদন্ত শুরু



*পশ্চিমবঙ্গ ল' ক্লার্কস অ্যাসোসিয়েশন নবদ্বীপ আদালত শাখা কমিটির পক্ষ থেকে গুজরাতের আমদাবাদে ঘটে যাওয়া মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের স্মরণে নীরবতা পালন ও শোকসভা কর্মসূচি পালিত হল।*

## মৎস্যজীবীদের পেশায় নেই নিশ্চয়তা, সরকারি সাহায্যের আর্জি

**নিজস্ব প্রতিবেদন, শ্যামপুর:** ওদের জীবনে রয়েছে ঝুঁকি, বঞ্চনা, দারিদ্র। তবু বুক ভরা আশা দিয়ে বর্ষার আগেই ওরা পাড়ি দেয় মাঝ সমুদ্রে। রূপালী শস্যের সন্ধানে। ট্রলারের চেপে উত্তাল সমুদ্র আর রূপনারায়ণের মোহনায় রূপালি শস্যের সন্ধান করে। ফি বছর হাওড়ার শ্যামপুর দু'নম্বর ব্লকের বানিয়া গ্রামের প্রায় ২০০ মৎস্যজীবী মাছ ধরতে যান। এখন চলছে মাঝ সমুদ্রে যাওয়ার কাউন্ট ডাউন। জাল সারাই থেকে শুরু করে জাল গোছানো হয়ে গিয়েছে। নিয়ম অনুযায়ী আগামী ১৫ জুনের পর থেকে মাছ ধরা যাবে। তাই হাতে আর দু-একটা দিন। এর মধ্যেই সব প্রস্তুতি সারা। বানিয়া গ্রামে গিয়ে দেখা গেছে নদীর ধারে দাঁড়িয়ে রয়েছে বেশ কিছু ট্রলার। মৎস্যজীবীরা জাল পাট করতে ব্যস্ত। মজুত করে নেওয়া হয়েছে পর্যাপ্ত তেল। আর কদিনের মধ্যেই শাঁখ বাজিয়ে সমুদ্রের উদ্দেশ্যে পাড়ি দেবেন তারা। এত আয়োজনে মাঝেও ওদের আক্ষেপ কয়েক মাস মাছের ওপর ভরসা করে রুটি রুজি চলে যায়। বাকি সময়টা দিনমজুরি কিংবা ইট ভাটার কাজ করে রুটি রুজির সন্ধান করতে হয়। তাই ওরা চায় সরকার ওদের কথা ভাবুক।


**UNITY — ইউনিটি স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড**
রেজিস্টার্ড অফিস : বসন্ত লোক, বসন্ত বিহার, নিউ দিল্লি ১১০০৫৭ কর্পোরেট অফিস : সেন্ট্রাম হাউস, বিদ্যানগরী মার্গ, কালিনা, সান্তাক্রুজ (ই), মুম্বই - ৪০০ ০৯৮

**প্রতীকী দখল নোটিশ**

(স্থাবর সম্পত্তির জন্য) দ্রষ্টব্য রুল ৮(১)

যেহেতু, **ইউনিটি স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড,** অনুমোদিত অফিসার ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে নিম্নোক্ত তারিখে নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণকে সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানের জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণ সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতাগণ/ জামিনদাতাগণের প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে উক্ত আইনের ১৩(৪) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ সংস্থান অধীনে নিম্নস্বাক্ষরকারী জামিনদত্ত সম্পত্তি/সমূহের দখল নিয়েছেন **১২.০৬.২০২৫** তারিখে।
ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন ইউনিটি স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড বকেয়া পরিমাণ পরবর্তী সুদ সহ নিম্নোক্ত মতে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অনুযায়ী আদায়দান সাপেক্ষ।
ঋণগ্রহীতাগণ/সহ-ঋণগ্রহীতাগণ/জামিনদাতাগণের অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

| ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতাগণ/ জামিনদাতাগণের নাম এবং লোন অ্যাকাউন্ট নাম্বার | বন্ধকদত্ত/জামিনদত্ত সম্পদ(সমূহ) সম্পত্তির বিস্তারিত | দাবি নোটশের তারিখ এবং বকেয়া পরিমাণ |
|---|---|---|
| **১) স্বর্ণদীপ জুয়েলার্স (ঋণগ্রহীতা) ২) প্রয়োজনী এন্টারপ্রাইজ (সহ ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা) ৩) কাসেদ আলি মোল্লা (সহ ঋণগ্রহীতা) ৪) সইফ আলি (সহ ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা) ৫) লতিফান বিবি (সহ ঋণগ্রহীতা) লোন অ্যাকাউন্ট নং** USFBKOLMSME000000493 | সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাণ ৫ ডেসিমেল এবং তদস্থিত নির্মাণ, দাগ নং ৪০৫, খতিয়ান নং ৪৩৪, কৃষি খতিয়ান নং ৪৬৫১, এলআর খতিয়ান নং ৬৮২২, মৌজা খাসবালান্দা, জেএল নং ৬৩, তৌজি নং ২৩, থানা : হাড়োয়া, জেলা : উত্তর ২৪ পরগনা, খাসবালান্দা গ্রাম পঞ্চায়েত অধীন, চৌহদ্দি : নিম্নমতে: **চৌহদ্দি (বন্ধকদত্ত নথি অনুযায়ী) : পূর্বে :** সিরাজুল মোল্লার সম্পত্তি **পশ্চিমে :** পঞ্চায়েত সড়ক **উত্তরে :** পঞ্চায়েত সড়ক **দক্ষিণে :** নিকাশি। | দাবি নোটিশ তারিখ ০৮.০৩.২০২৫, পরিমাণ ২২,৪২,৫৭৬.০৬ টাকা (বাইশ লাখ বিয়াল্লিশ হাজার পাঁচশ ছিয়াত্তর টাকা এবং ছয় পয়সা) টাকা ০৭.০৩.২০২৫ অনুযায়ী এবং পরবর্তী সুদ এবং অন্যান্য চার্জ প্রযোজ্যমতে। |

তারিখ - ১৪.০৬.২০২৫ স্থান - পশ্চিমবঙ্গ
স্বা/-অনুমোদিত অফিসার, ইউনিটি স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড



**ব্যাঙ্ক অফ ইন্ডিয়া Bank of India BOI — Relationship beyond banking**
**বর্ধমান জোনাল অফিস**
৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধান নগর, সেক্টর -২এ, দুর্গাপুর, জেলা - বর্ধমান, পিন - ৭১৩২১২, ফোন নং - ০৩৪২-২৬৬৫৭০৩

**দখল বিজ্ঞপ্তি**
(স্থাবর সম্পত্তির জন্য)
পরিশিষ্ট - IV [ দ্রষ্টব্য রুল-৮(১)]

যেহেতু
নিম্নস্বাক্ষরকারী ব্যাঙ্ক অব ইন্ডিয়া, চিত্তরঞ্জন শাখা অনুমোদিত অফিসার হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইন ২০০২ এর ১৩(১২) ধারা এবং তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে **০৪.০৩.২০২৫ তারিখে** ঋণগ্রহীতা **মেসার্স মনমোহন টেক্সটাইল (স্বত্বা - শ্রী শুকদেব দেবনাথ)** কে নোটিশে উল্লিখিত বকেয়া পরিমাণ **৫,০৩,৮১৭.৯৬ টাকা এবং সুদ ও চার্জ সহ (পাঁচ লাখ তিন হাজার আটশ সতের টাকা এবং ছিয়ানব্বই পয়সা)** নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায় দেওয়ার জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা এবং সাধারণকে বিজ্ঞাপিত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী সংশ্লিষ্ট আইনের ১৩ ধারার উপধারা (৪) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ সংস্থান অধীনে নিম্নোক্ত জামিনদত্ত সম্পত্তি/সমূহের স্বত্ব দখল করেছেন **১২ জুন ২০২৫ তারিখে।**
ঋণগ্রহীতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন ব্যাঙ্ক অব ইন্ডিয়া নিকট বকেয়া পরিমাণ **৫,০৩,৮১৭.৯৬ টাকা এবং সুদ ও চার্জ সহ আদায়দান সাপেক্ষ।**
ঋণগ্রহীতার অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায়দান সাপেক্ষে উক্ত জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

**স্থাবর সম্পত্তির বিবরণ**

সংশ্লিষ্ট সকল অংশ সম্পত্তি জমি এবং ভবন অবস্থিত প্লট নং ১৪৩৬, খতিয়ান নং ২১৭২,মৌজা : নন্দাই, জেএল নং ৪৩, থানা : কালনা, জমির শ্রেণি : বাস্তু, **পরিমাণ ০.০২ একর, সম্পত্তি শ্রী শুকদেব দেবনাথ।**
**চৌহদ্দি :** উত্তরে : মনোজ পাল এর ভবন। দক্ষিণে : পঞ্চায়েত সড়ক, পূর্বে : অন্যান্যর খালি জমি, পশ্চিমে : জয়দেব দেবনাথের খালি জমি।

তারিখ- ১২.০৬.২০২৫
স্থান - ধাত্রীগ্রাম
অনুমোদিত অফিসার
ব্যাঙ্ক অব ইন্ডিয়া



**SBI — স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া**
স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, কলকাতা
জীবনদীপ বিল্ডিং, ১ মিডলটন স্ট্রিট, ১২তম তল, কলকাতা - ৭০০০৭১

**দখল বিজ্ঞপ্তি**
পরিশিষ্ট - IV
[ রুল-৮(১)]

এতদ্বারা ২০০২ সালের (২০০২ এর ৫৪) সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানের জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা/জামিনদাতা (গণ) সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা/জামিনদাতা (গণ)-এর প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নস্বাক্ষরকারী জামিনদত্ত সম্পত্তিসমূহের স্বত্ব দখল করেছেন নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে।
ঋণগ্রহীতা/জামিনদাতা (গণ)কে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তিসমূহের লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া নিকট বকেয়া পরিমাণ পরবর্তী সুদ সহ আদায়দান সাপেক্ষ।
**এতদ্বারা জামিনদাতা(গণ)-কে অবগত করা হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।**

| অ্যাকাউন্ট/ঋণগ্রহীতার নাম এবং ঠিকানা | বন্ধকদত্ত/দায়বদ্ধ সম্পত্তির বিস্তারিত | দাবি নোটিশের তারিখ | দখলের তারিখ | বকেয়া পরিমাণ |
|---|---|---|---|---|
| **মহম্মদ ইব্রাহিম মন্ডল, পিতা মুসা মহম্মদ মন্ডল** | **সম্পত্তির স্বত্বাধিকারী : মহম্মদ ইব্রাহিম মন্ডল স্বত্ব দলিল নং ১/০৫৬৯৯/২০১৬ দ্বারা বন্ধকদত্ত সম্পত্তির বিবরণ।** সংশ্লিষ্ট সকল অংশ জমির পরিমাণ ৪.৫ ডেসিমেল অবস্থিত মৌজা : মহাবাটীপাড়া, জেএল নং ১৯,আরএস খতিয়ান নং ৫০০, এলআর খতিয়ান নং ৬২, আরএস ১৭৯, এলআর২৩৫, শিবদাসপুর গ্রাম পঞ্চায়েত অধীন, গ্রাম : কেদমপুকুর, পো : দরিয়াপুর, থানা : নৈহাটি (পুরানো), নতুন থানা : শিবদাসপুর, পিন : ৭৪৩৭১১। **সম্পত্তির চৌহদ্দি (দলিল নং ১/০৫৬৯৯/২০১৬ অনুযায়ী): উত্তরে :** বি প্লট, ৩৫ ফুট, **দক্ষিণে :** ৩২৭ দাগ, ৩৫ ফুট, **পূর্বে :** প্রভাত ঘোষ, ৫৭ ফুট ৬ ইঞ্চি। **পশ্চিমে :** সি প্লট, ৫৬ ফুট। **স্বত্ব দলিল নং ১/০৫৬৯৯/২০১৬ দ্বার বন্ধকদত্ত সম্পত্তির বিবরণ।** সংশ্লিষ্ট সকল অংশ জমি সম্পত্তির পরিমাণ ৪.৫ ডেসিমেল অবস্থিত মৌজা : মহাবাটীপাড়া, এলআর খতিয়ান নং ৭২৭, এলআর ১৬৭৫, আরএস নং ১০৩২, এলআর নং ১১৮৭, শিবদাসপুর গ্রাম পঞ্চায়েত অধীন, গ্রাম : কান্দাপুকুর, পো : দরিয়াপুর, থানা : নৈহাটি (পুরানো), নতুন থানা : শিবদাসপুর, পিন : ৭৪৩৭১১। **সম্পত্তির চৌহদ্দি : (দলিল নং ১/০৫৬৯৯/২০১৬ অনুযায়ী): উত্তরে :** জুলফিকার, ৬৫ ফুট ৬ ইঞ্চি, **দক্ষিণে :** ১১৮৭ নং দাগ, ৬৫ ফুট ৬ ইঞ্চি, **পূর্বে :** ৮ ফুট মাটির সড়ক, ৩০ ফুট, **পশ্চিমে :** মহ ইসাক, ৩০ ফুট। | ১৭.০৩.২০২৫ | ১০.০৬.২০২৫ | **১৮,৬৫,৫৩২.০০ টাকা** (আঠার লাখ পঁয়ষট্টি হাজার পাঁচশ বত্রিশ টাকা) টাকা ১৭.০৩.২০২৫ অনুযায়ী এবং ১৮.০৩.২০২৫ থেকে কার্যকর মতে পরবর্তী সুদসহ |

স্থান - কলকাতা
তারিখ - ১০.০৬.২০২৫
স্বা/- অনুমোদিত অফিসার
স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, কলকাতা



**SBI — স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া**
স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, কলকাতা
জীবনদীপ বিল্ডিং, ১ মিডলটন স্ট্রিট, ১২তম তল, কলকাতা - ৭০০০৭১

**দখল বিজ্ঞপ্তি**
পরিশিষ্ট - IV
[ রুল-৮(১)]

এতদ্বারা ২০০২ সালের (২০০২ এর ৫৪) সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানের জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা/জামিনদাতা (গণ) সংশ্লিষ্ট বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা/জামিনদাতা (গণ)-এর প্রতি বিশেষভাবে অবগত করা হচ্ছে উক্ত আইনের ১৩(৪) ধারা এবং উক্ত রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নস্বাক্ষরকারী জামিনদত্ত সম্পত্তিসমূহের স্বত্ব দখল করেছেন নিম্নোক্ত তারিখে সংশ্লিষ্ট অ্যাকাউন্ট অধীনে।
ঋণগ্রহীতা/জামিনদাতা (গণ)কে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই জামিনদত্ত সম্পত্তিসমূহের লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া নিকট বকেয়া পরিমাণ পরবর্তী সুদ সহ আদায়দান সাপেক্ষ।
**এতদ্বারা জামিনদাতা(গণ)-কে অবগত করা হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।**

| অ্যাকাউন্ট/ঋণগ্রহীতার নাম এবং ঠিকানা | বন্ধকদত্ত/দায়বদ্ধ সম্পত্তির বিস্তারিত | দাবি নোটিশের তারিখ | দখলের তারিখ | বকেয়া পরিমাণ |
|---|---|---|---|---|
| **শ্রী অমর কান্তি মজুমদার, পিতা প্রয়াত সত্যহরি মজুমদার এবং শ্রীমতি অঞ্জনা মজুমদার, স্বামী শ্রী অমর কান্তি মজুমদার** | **সম্পত্তির স্বত্বাধিকারী : শ্রী অমর কান্তি মজুমদার, পিতা প্রয়াত সত্যহরি মজুমদার এবং শ্রীমতি অঞ্জনা মজুমদার স্বামী শ্রী অমর কান্তি মজুমদার, স্বত্ব দলিল নং ১-১৫০৩৮/১৯৮৬: সম্পত্তি (অঞ্জলি অ্যাপার্টমেন্ট)।** সংশ্লিষ্ট সকল অংশ ফ্ল্যাট নং ২এ, তিনতলায়,দক্ষিণ-পশ্চিম অংশে **'অঞ্জলি অ্যাপার্টমেন্ট',** পরিমাণ সুপার বিল্ট আপ এরিয়া ৮১১ বর্গফুট, অবস্থিত মৌজা : মল্লিকের বাগ, জেএল নং ১, আরএস নং ৩৪, তৌজি নং ২৪৬২/২৪৬৩, জমির মালিক পশ্চিমবঙ্গ সরকার উত্তর ২৪ পরগনা জেলা কালেক্টর কর্তৃক প্রতিনিধিত্বকারী, সিএস খতিয়ান নং ৩৭, আরএস খ তিয়ান নং ৬৬৭, এলআর খতিয়ান নং ১৫২৪, নতুন এলআর খতিয়ান নং ৪৩৮৯, ৪৩৯০ এবং ৪৩৯১,আরএস দাগ নং ৪৭৪ এবং ৪৭৬, এলআর দাগ নং ১৪৩৩, ১৪৮৬, নিউ এলআর দাগ নং ১৪৯৫/১৯৪১, হোল্ডিং নং ৭২৪/১, মসজিদ বাটী রোড, পিন ৭৪৩১৪৫, অ্যাসেসমেন্ট নং ২০০২২১৬৮৯, ওয়ার্ড নং ১১, বীজপুর থানা অধীন, স্থানীয় কাঁচড়াপাড়া পুরসভা অধীন, এডিএসআরও নৈহাটি, জেলা : উত্তর ২৪ পরগনা। সম্পত্তি শ্রী অমর কান্তি মজুমদার, পিতা প্রয়াত সত্যহরি মজুমদার এবং শ্রীমতি অঞ্জনা মজুমদার, স্বামী শ্রী অমর কান্তি মজুমদারের নামে, উল্লেখ দলিল নং ১/৫৮৮৫/২০১৮। **সংশ্লিষ্ট দলিল নং ১৫০৩৮ -১৯৮৬ সালের অনুযায়ী : সম্পত্তি (অঞ্জলি অ্যাপার্টমেন্ট) চৌহদ্দি : উত্তরে :** প্রদ্যুৎ কুমার পাল এর সম্পত্তি, **দক্ষিণে :** ৩ ফুট চওড়া সাধারণ চলার পথ, **পূর্বে :** কানাইলাল দে এর সম্পত্তি, **পশ্চিমে :** মসজিদ বাটী রোড। | ১৮.০৩.২০২৫ | ১০.০৫.২০২৫ | **২৪,৭০,৭৯১.১৩ টাকা** (চব্বিশ লাখ সত্তর হাজার সাতশ একানব্বই টাকা এবং তেরো পয়সা) টাকা ১৭.০৩.২০২৫ অনুযায়ী এবং ১৮.০৩.২০২৫ থেকে কার্যকর মতে পরবর্তী সুদসহ |

স্থান - কলকাতা
তারিখ - ১০.০৬.২০২৫
স্বা/- অনুমোদিত অফিসার
স্ট্রেসড অ্যাসেটস রিকভারি ব্রাঞ্চ, কলকাতা



**যুনিয়ন বैंक ऑफ इंडिया — Union Bank of India** — A Government of India Undertaking
**রিজিওনাল অফিস- গ্রেটার কলকাতা**
৩, মিডলটন রো, পার্ক স্ট্রিট, কলকাতা - ৭০০ ০৭১।
**অকশন এর জন্য বিক্রয় বিজ্ঞপ্তি জারি করা হয়েছে -৩০.০৬.২০২৫- ভেহিকেল**

| ক্র. নং. | শাখার নাম, যোগাযোগের ব্যক্তি, ফোন নং- এবং ইমেল আইডি | ঋণগ্রহীতাগনের নাম | সম্পদের বিশদ | দায়বদ্ধতা | ক ন্যূনতম মূল্য খ. ইএমডি গ. বিড বৃদ্ধি | অকশনের তারিখ ও সময় | সুরক্ষিত ক্রেডিটর, অ্যাকাউন্ট নং. এবং আইএফএস কোড | ভেহিকেল/গুলি পরিদর্শনের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | i | ii | iii | iv | v | vi | vii | viii |
| ১. | ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আমতাইয়া শাখা শাখা কোড (৫৫১৩৫০) শ্রী অমিত কুমার- ৮৮২৫৩৮৫৩১১ শ্রী সমিক কুণ্ডু : 7738938928 UBIN0551350@unionbankofindia.com | ঋণগ্রহীতা - শ্রী অমিত সরকার পিতা সুনীল সরকার | বাণিজ্যিক গাড়ির হাইপোথিকেশন ভেহিকেল নং-WB-04H-1582 রেজিস্ট্রেশনের তারিখ- ০২/০৬/২০১৭ মডেল প্রস্তুতকারক- Chevrolet Sail LS TCDI চেসিস নং -MA6SFDCAHHT001235 ইঞ্জিন নং - 10FCVZ170610140 | ৯,৪৪,১৮৯.২৪ টাকা ৩১.০৫.২০২৫ অনুযায়ী তদুপরি আরও সুদ, ব্যয় ও খরচ | ক. ৬৫,০০০.০০ টাকা খ. ১৬,২৫০.০০ টাকা গ. ৫,০০০.০০ টাকা | ৩০.০৬.২০২৫ সকাল ১১.০০ টা থেকে | ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, আমতলা শাখা (৫৫১৩৫০) অ্যাকাউন্ট নং - ৫১৩৫০১৯৮০০৫০০০০ আইএফএসসি কোড - UBIN0551350 | ১৬.০৬.২০২৫ থেকে ২৭.০৬.২০২৫ পর্যন্ত সংশ্লিষ্ট শাখা থেকে পূর্বানুমতি নিয়ে |
| ২. | ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, বারাসাত শাখা শাখা কোড (৫৫৬৯৯৮) শ্রী সোমনাথ ব্যানার্জি - ৯৮৬৭৫৯৮১২২ শ্রী সমিক কুণ্ডু -৭৭৩৮৯৩৮৯৯৮ UBIN0550098@unionbankofindia.com | ঋণগ্রহীতা - শ্রী সমর সিকদার পিতা-সত্যেন্দ্র নাথ সিকদার | বাণিজ্যিক গাড়ির হাইপোথিকেশন ভেহিকেল নং- WB-25H-2960 রেজিস্ট্রেশনের তারিখ- ৩০/০১/২০১৮ মডেল প্রস্তুতকারক- Honda Amaze 1.5E (0) MT (I-DTEC) লাক্সারি ক্যাব চেসিস নং - MAKDF25SLHN201635 ইঞ্জিন নং - N15A14016478 | ৯,২২,৯০৬.০৬ টাকা ৩১.০৫.২০২৫ অনুযায়ী তদুপরি আরও সুদ, ব্যয় ও খরচ | ক. ১,৩০,০০০.০০ টাকা খ. ৩২,৫০০.০০ টাকা গ. ৫,০০০.০০ টাকা | ৩০.০৬.২০২৫ সকাল ১১.০০ টা থেকে | ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, বারাসাত শাখা (৫৫৬৯৯৮) অ্যাকাউন্ট নং - ৫৬৯৯০১৯৮০০৫০০০০ আইএফএসসি কোড - UBIN0556998 | ১৬.০৬.২০২৫ থেকে ২৭.০৬.২০২৫ পর্যন্ত সংশ্লিষ্ট শাখা থেকে পূর্বানুমতি নিয়ে |
| ৩. | ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, দমদম শাখা শাখা কোড (৫৬১৯৫৯) শ্রী পারোমিতা নাগ - ৯৮৩৬৮০০৩৩০ শ্রী সমিক কুণ্ডু -৭৭৩৮৯৩৮৯৯৮ UBIN0561959@unionbankofindia.com | ঋণগ্রহীতা - শ্রী অভিষেক ভট্টাচার্যী পিতা-বিদ্রোহী ভট্টাচার্য | কনটেন্সিয়াল ক্যারেজের হাইপোথিকেশন ভেহিকেল নং WI3-25J-8464 রেজিস্ট্রেশনের তারিখ- ২০/০৬১২০১৯ মডেল প্রস্তুতকারক- Mahindra Alfa LC Diesel BS IV চেসিস নং -MA1LM2FXJK5C85208 ইঞ্জিন নং -A9C1286987 | ১,৮০,১১১.২৭ টাকা ৩১.০৫.২০২৫ অনুযায়ী তদুপরি আরও সুদ, ব্যয় ও খরচ | ক. ৫২,০০০.০০ টাকা খ. ১৩,০০০.০০ টাকা গ. ৫,০০০.০০ টাকা | ৩০.০৬.২০২৫ সকাল ১১.০০ টা থেকে | ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, দমদম শাখা (৫৬১৯৫৯) অ্যাকাউন্ট নং - ৬১৯৫০১৯৮০০৫০০০০ আইএফএসসি কোড - UBIN0561959 | ১৬.০৬.২০২৫ থেকে ২৭.০৬.২০২৫ পর্যন্ত সংশ্লিষ্ট শাখা থেকে পূর্বানুমতি নিয়ে |
| ৪. | ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, দমদম শাখা শাখা কোড (৫৬১৯৫৯) শ্রী পারোমিতা নাগ - ৯৮৩৬৮০০৩৩০ শ্রী সমিক কুণ্ডু -৭৭৩৮৯৩৮৯৯৮ UBIN0561959@unionbankofindia.com | ঋণগ্রহীতা - মিসেস সোমা মন্ডল স্বামী- বরুন মন্ডল | বাণিজ্যিক গাড়ির হাইপোথিকেশন ভেহিকেল নং- WB-23E-9397 রেজিস্ট্রেশনের তারিখ- ০৫/০৪/২০১৯ মডেল প্রস্তুতকারক-Maruti Suzuki Dzire Tour S চেসিস নং - MA3FJEB1S00B91446 ইঞ্জিন নং - D13A3451418 | ৪,৩৯,১৪৯.৮৪ টাকা ৩১.০৫.২০২৫ অনুযায়ী তদুপরি আরও সুদ, ব্যয় ও খরচ | ক. ১,৯৫,০০০.০০ টাকা খ. ৪৮,৭৫০.০০ টাকা গ. ৫,০০০.০০ টাকা | ৩০.০৬.২০২৫ সকাল ১১.০০ টা থেকে | ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, দমদম শাখা (৫৬১৯৫৯) অ্যাকাউন্ট নং - ৬১৯৫০১৯৮০০৫০০০০ আইএফএসসি কোড - UBIN0561959 | ১৬.০৬.২০২৫ থেকে ২৭.০৬.২০২৫ পর্যন্ত সংশ্লিষ্ট শাখা থেকে পূর্বানুমতি নিয়ে |
| ৫. | ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, দমদম শাখা শাখা কোড (৫৬১৯৫৯) শ্রী পারোমিতা নাগ - ৯৮৩৬৮০০৩৩০ শ্রী সমিক কুণ্ডু -৭৭৩৮৯৩৮৯৯৮ UBIN0561959@unionbankofindia.com | ঋণগ্রহীতা - শ্রী অনুপম সরকার পিতা -কাশী নাথ সরকার | বাণিজ্যিক গাড়ির হাইপোথিকেশন ভেহিকেল নং-WB-23E-7496 রেজিস্ট্রেশনের তারিখ- ৩১/১০/২০১৮ মডেল প্রস্তুতকারক- Hyundai I10 Prime T+CRDI চেসিস নং - MAALA651DLJM872845 ইঞ্জিন নং - D3FAJM621778 | ৫,৫১,৯৪৫.৮৪ টাকা ৩১.০৫.২০২৫ অনুযায়ী তদুপরি আরও সুদ, ব্যয় ও খরচ | ক. ৯৮,০০০.০০ টাকা খ. ২৪,৫০০.০০ টাকা গ. ৫,০০০.০০ টাকা | ৩০.০৬.২০২৫ সকাল ১১.০০ টা থেকে | ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, দমদম শাখা (৫৬১৯৫৯) অ্যাকাউন্ট নং - ৬১৯৫০১৯৮০০৫০০০০ আইএফএসসি কোড - UBIN0561959 | ১৬.০৬.২০২৫ থেকে ২৭.০৬.২০২৫ পর্যন্ত সংশ্লিষ্ট শাখা থেকে পূর্বানুমতি নিয়ে |

**বিক্রয়ের নিয়ম ও শর্তাবলীর বিশদ বিবরণ:** উপরোক্ত অস্থাবর সুরক্ষিত সম্পদগুলি 'যেখানে যেমন আছে,' 'যা আছে তা আছে' এবং 'সেখানে যা কিছু আছে' শর্তে বিক্রি করা হবে। নিলাম ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, **রিজিওনাল অফিস- গ্রেটার কলকাতা, ৩, মিডলটন রো, পার্ক স্ট্রিট এলাকা, কলকাতা - ৭০০ ০৭১ এ অনুষ্ঠিত হতে চলেছে। যোগাযোগ নং- যোগাযোগের নম্বর - শ্রী সমিক কুন্ডু - ৭৭৩৮৯৩৮৯৯৮** সুরক্ষিত ঋণদাতা/অনুমোদিত আধিকারিক কোনও তৃতীয় পক্ষের দাবি বা দাবিদাওয়া সম্পর্কে দায়ী থাকবেন না। আগ্রহী দরদাতাদের পরামর্শ দেওয়া হচ্ছে, তারা যেন নিজ উদ্যোগে সব তথ্য যাচাই করে নেন।পার্কিং চার্জ সফল দরদাতার নিজস্ব দায়িত্বে বহন করতে হবে। আগ্রহী দরদাতাকে সুরক্ষিত ঋণদাতার কাছে সংরক্ষিত মূল্যের ২৫% অর্থ তআর্নেস্ট মানি ডিপোজিটদ হিসেবে উপরোক্ত ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সংশ্লিষ্ট শাখার অ্যাকাউন্টে ২৭.০৬.২০২৫ তারিখ বিকেল ৩টার মধ্যে জমা দিতে হবে। যে ব্যক্তির দর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে, তাকে সম্পূর্ণ অর্থ জমা দিতে হবে এবং তারপরে বিক্রয় সম্পন্ন বলে গণ্য হবে। দরদাতা যদি নির্ধারিত সময়েই সম্পূর্ণ অর্থ প্রদান না করেন, তবে কর্তৃপক্ষ সেই বিডের অর্থ বাজেয়াপ্ত করার অধিকার রাখে। কর্তৃপক্ষ যে কোনও সময় নিলাম বাতিল করার অধিকারও সংরক্ষণ করে। দরদাতাকে বিড ফর্ম পূরণের সময় তার পূর্ণ নাম, ঠিকানা, পরিচয়পত্র এবং প্যান কার্ড জমা দিতে হবে। একমাত্র একটি বিড প্রাপ্ত হলে, সেই একমাত্র দরদাতাকেই সফল দরদাতা হিসেবে ঘোষণা করা হবে। একবার বিড করলে তা বাতিল বা প্রত্যাহার করা যাবে না। ঘোষিত সফল দরদাতাকে সম্পূর্ণ বিক্রয় মূল্য (ইএমডি সহ) নগদ/ডিমান্ড ড্রাফট/আরটিজিএস/এনইএফটি/ইন্টারনেট ট্রান্সফার/চেক (পরিশোধযোগ্য হওয়া সাপেক্ষে) মাধ্যমে নিলাম দিবসেই অথবা পরবর্তী কার্যদিবসে বা লিখিতভাবে সম্মত সম্প্রসারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। যদি সফল দরদাতা নির্ধারিত সময়ের মধ্যে বাকি অর্থ প্রদান করতে ব্যর্থ হন, তাহলে তার ইতিপূর্বে জমাকৃত অংশমূল্য বাজেয়াপ্ত হবে এবং সম্পত্তিটি পুনরায় নিলামে তোলা হবে। এই ক্ষেত্রে আগের দরদাতা সেই সম্পত্তি বা পরবর্তীতে বিক্রয়মূল্য বাবদ কোনও দাবির অধিকারী হবেন না। বিক্রয় শুধুমাত্র সম্পূর্ণ বিড মূল্য ব্যাঙ্কে জমা দেওয়ার পরই চূড়ান্ত বলে বিবেচিত হবে। বিক্রয় চূড়ান্ত হওয়ার পর সম্পত্তি সফল দরদাতাকে তসেখানে যেমন আছেদ অবস্থায় হস্তান্তর করা হবে। সম্পত্তির দলিল প্রস্তুতি, স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য আইনি খরচ সফল দরদাতাকেই বহন করতে হবে। যদি দরদাতা-হাইপোথিকেটর নিলাম চূড়ান্ত হওয়ার আগে সম্পূর্ণ অর্থ সহ বাজেয়াপ্তকরণ ও নিলাম পরিচালনার যাবতীয় ব্যয় পরিশোধ করে দেন, তবে ব্যাঙ্ক নিলাম বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অসফল দরদাতারা যারা ইএমডি জমা দিয়েছেন, তাদের অর্থ সুদ ছাড়াই বিক্রয় চূড়ান্ত হওয়ার পর অবিলম্বে ফেরত দেওয়া হবে। ব্যাঙ্কের সর্বোত্তম জ্ঞান ও তথ্য অনুসারে এই সম্পত্তিতে কোনও দায় বা বাধা নেই। তবুও, আগ্রহী দরদাতাদের উচিত তাদের নিজস্ব উদ্যোগে সম্পত্তির মালিকানা, দায়দায়িত্ব, দাবি, বাধা ইত্যাদি সম্পর্কে পূর্ণ অনুসন্ধান করে দেখা। এই নিলাম বিজ্ঞাপন ব্যাঙ্কের পক্ষ থেকে কোনও প্রতিশ্রুতি বা নিশ্চয়তা নয় এবং একে বিক্রয় চুক্তি হিসেবেও বিবেচনা করা যাবে না। ব্যাঙ্ক কোনও কারণ না জানিয়ে নিলাম বাতিল করার অধিকার সংরক্ষণ করে। সম্পূর্ণ বিক্রয় মূল্য শুধুমাত্র ব্যাঙ্কের পাওনা মেটানোর জন্য ব্যবহৃত হবে এবং তা সব রকম দায়দায়িত্ব ও বকেয়া (যদি থেকে থাকে) বাদ দিয়ে সম্পূর্ণভাবে প্রস্তাবিত ক্রেতাকেই বহন করতে হবে।

তারিখ: ১৩.০৬.২০২৫, স্থান: কলকাতা
অনুমোদিত আধিকারিক, ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

# কামিন্সের কীর্তির পর এনগিডি-রাবাদার তোপে লর্ডস টেস্ট এক রোমাঞ্চকর অবস্থায়

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** পেসারদের দাপটে টেস্ট চ্যাম্পিয়নশিপের দ্বিতীয় দিনেই জয়ের গন্ধ পাচ্ছে দুটো দলই। তবে অস্ট্রেলিয়া একটু এগিয়ে। দ্বিতীয় দিন শেষে ২১৮ রানে এগিয়ে অস্ট্রেলিয়া। বাকি আছে আর ২ উইকেট।

প্রথম ইনিংসে ২১২ রানের পুঁজি নিয়ে দক্ষিণ আফ্রিকাকে ১৩৮ রানে গুটিয়ে দেয় বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের বর্তমান চ্যাম্পিয়নরা। ৭৪ রানের লিড নিয়ে দ্বিতীয় ইনিংসেও বাজে ব্যাটিং করল তারা। বৃহস্পতিবারের খেলা শেষে তাদের সংগ্রহ ৮ উইকেটে ১৪৪ রান।

প্রোটিয়াদের গুড়িয়ে দেওয়ার কারিগর প্যাট কামিন্স। দ্বিতীয় দিন তাদের ছয় উইকেটের পাঁচটিই নেন অস্ট্রেলিয়া অধিনায়ক। অন্যটি রান আউট। সব মিলিয়ে




মাত্র ২৮ রানে ৬ উইকেট নিয়ে লর্ডসে এখন অধিনায়কদের মধ্যে সেরা বোলিংয়ের রেকর্ড কামিন্সের।

একইসঙ্গে অস্ট্রেলিয়ার ষষ্ঠ পেসার ও অষ্টম বোলার হিসেবে টেস্ট কেরিয়ারে ৩০০ উইকেট পেলেন অস্ট্রেলিয়ার অধিনায়ক।

কামিন্সের চরম নিয়ন্ত্রিত বোলিংয়ের জবাব দিল কাগিসো রাবাদা, লুঙ্গি এনগিডিরা। দুজনের দুর্দান্ত বোলিংয়ে দ্বিতীয় ইনিংসে মাত্র ৭৩ রানে দক্ষিণ আফ্রিকা তুলে নেয় অস্ট্রেলিয়ার ৭ উইকেট। অষ্টম উইকেটের প্রতিরোধে দলকে দেড়শোর কাছে নিয়ে যান অ্যালেক্স কেরি ও মিচেল স্টার্ক। অস্ট্রেলিয়ার লিড দুইশ ছাড়িয়ে যাওয়ায় শেষ ইনিংসে দক্ষিণ আফ্রিকার সামনে অপেক্ষা করছে কঠিন চ্যালেঞ্জ।

# নাপোলিতে যোগ দিলেন বেলজিয়ান তারকা ডি ব্রুইন

**নিজস্ব প্রতিবেদন, নাপোলি:** ডিয়েগো ম্যারাডোনার ক্লাবে যোগ দিলেন বেলজিয়ান তারকা কেভিন ডি ব্রুইনা। নাপোলির সভাপতি অরেলিও দে লরেন্তিস বৃহস্পতিবার (১২ জুন) নিজের সামাজিক মাধ্যমে জানিয়েছেন।

ফ্রি এজেন্ট হিসেবে নাপোলিতে যোগ দিলেন ডি ব্রুইনা। তিনি দুই বছরের চুক্তিতে সই করেছেন সিরি আ'র চ্যাম্পিয়নদের দলে। চাইলে আরও এক বছর মেয়াদ বাড়ানোর কথাও লেখা আছে তার চুক্তিতে। নাপোলিতে যোগ দেওয়ার অর্থ হল আগামী মরসুমে তিনি উয়েফা চ্যাম্পিয়নস লিগে খেলতে পারবেন।



নাপোলি সামাজিক মাধ্যমের ক্যাপশনে লিখেছে, 'কিং কেভ এখন এখানে।' ২০১৫ সালে জার্মান ক্লাব ভল্ ফসবুর্গ থেকে ম্যানচেস্টার সিটিতে যোগ দিয়ে ব্রুইনা ১৯টি বড় শিরোপা জিতেছেন। এর মধ্যে আছে ২০২৩ সালের চ্যাম্পিয়নস লিগ। তবে হ্যামস্ট্রিংয়ের ইনজুরির কারণে তিনি শেষ দুই মরসুমের বেশির ভাগ সময় মাঠের বাইরে ছিলেন।

## ভারতীয় ফুটবলে এবার প্রবাসীরা?

# কেন্দ্রের সঙ্গে আলোচনায় ভারতের ফুটবল নিয়ামক সংস্থা

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ভারতীয় ফুটবলের খারাপ পরিস্থিতি ঘুরে দাঁড়ানোর চেষ্টায় এবার প্রবাসী ভারতীয়দের জাতীয় দলে অন্তর্ভুক্ত করার ভাবনা চলছে। অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন (AIFF)-এর এক উচ্চপদস্থ কর্তা, নাম প্রকাশে অনিচ্ছুক, জানিয়েছেন যে ফেডারেশনের তরফ থেকে কেন্দ্র সরকারের কাছে প্রবাসী ভারতীয় ফুটবলারদের জাতীয় দলে খেলার অনুমতির জন্য অনুরোধ জানানো হয়েছে। তিনি আরও বলেন, ফেডারেশনের প্রেসিডেন্ট ইতিমধ্যেই একাধিক সরকারি দপ্তরের সঙ্গে এই বিষয়ে আলোচনা করেছেন এবং আপাতত সরকারের পক্ষ থেকে ইতিবাচক সাড়াও মিলেছে।

তবে বিষয়টি এখনও প্রাথমিক পর্যায়ে রয়েছে এবং চূড়ান্ত সিদ্ধান্ত সরকারের হাতে। ফেডারেশন আশাবাদী, তবে নিশ্চিত নয়। ওই কর্তার মতে, প্রবাসী ভারতীয় ফুটবলারদের জাতীয় দলে




অন্তর্ভুক্ত করলে প্রথম একাদশ বাছাই করার ক্ষেত্রে কোচের হাতে অনেক বিকল্প থাকবে। সেই সঙ্গে যেহেতু এঁরা ইউরোপ বা অন্যান্য উন্নত লিগে খেলে থাকেন, তাই তাঁদের অভিজ্ঞতা ও পেশাদারিত্ব জাতীয় দলকে শক্তিশালী করতে পারে।

তবে এই সিদ্ধান্ত নিলেই রাতারাতি সাফল্য আসবে, এমন আশা করা উচিত নয় বলেও সতর্ক করেছেন তিনি। তাঁর মতে, এটা দীর্ঘমেয়াদি পরিকল্পনার একটি অংশ। ফেডারেশন এখন চেষ্টা করছে সরকারের অনুমতি আদায়ের, যাতে ভবিষ্যতে জাতীয় দলের কাঠামো মজবুত করা যায়। হংকংয়ের বিরুদ্ধে জয় এলে দলের জন্য পুরস্কারের প্রস্তাবকেও তিনি সমর্থন করেছেন। সব মিলিয়ে ভারতীয় ফুটবলের ভবিষ্যৎ নিয়ে নতুন করে আশার আলো দেখছে ফেডারেশন, যার কেন্দ্রে রয়েছে প্রবাসী ভারতীয়দের মাঠে ফেরানোর পরিকল্পনা।

# লর্ডসে রেকর্ড ভাঙার দিন উপভোগ করলেন কামিন্স প্রবেশ করলেন ৩০০ টেস্ট উইকেটের ক্লাবে

**নিজস্ব প্রতিবেদন, লন্ডন:** বৃহস্পতিবার লর্ডসে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ (ডব্লিউটিসি) ফাইনালে অস্ট্রেলিয়ার অধিনায়ক প্যাট কামিন্স আইসিসি টুর্নামেন্ট ফাইনালে সর্বোচ্চ উইকেট শিকারী হলেন।

আইসিসি টুর্নামেন্টের ফাইনালে বিভিন্ন ফরম্যাটে সর্বাধিক উইকেট শিকারী বোলারদের তালিকায় তিনি সতীর্থ মিচেল স্টার্কের ১১ উইকেটকে পেছনে ফেলে শীর্ষে উঠে এসেছেন।

কামিন্স টেস্ট ম্যাচে ৩০০ বা তার বেশি উইকেট নেওয়া অষ্টম অস্ট্রেলিয়ান হয়ে উঠেন এবং শেন ওয়ার্ন, গ্লেন ম্যাকগ্রা, নাথান লিয়ন, স্টার্ক, ডেনিস লিলি, মিচেল জনসন এবং ব্রেট লির একটি অভিজাত ক্লাবে যোগ দিলেন।

কাগিসো রাবাদার উইকেট নিয়ে অধিনায়ক এই দলে যোগ দেন। প্রোটিয়ারা তাদের প্রথম ইনিংসে শেষ করে ১৩৮ রানে। কামিন্স ১৮.১ ওভারে ২৮ রান দিয়ে দক্ষিণ আফ্রিকার শেষ ছয় উইকেটের সবকটিই তুলে নেন।

লর্ডস ক্রিকেট গ্রাউন্ডে টেস্টে একজন অধিনায়কের সেরা বোলিং পরিসংখ্যান এখন কামিন্সের ৬/২৮। ১৯৮২ সালে ভারতের বিপক্ষে বব উইলিসের ৬/১০১ রানকে পেছনে ফেলে তিনি এই মাইলফলক অর্জন করেন।




# টেস্ট সিরিজের আগে দেশে ফিরলেন গম্ভীর

**নিজস্ব প্রতিবেদন:** আগামী ২০ জুন থেকে শুরু হতে চলেছে ইংল্যান্ডের বিপক্ষে পাঁচ ম্যাচের টেস্ট সিরিজ। এই সিরিজটি নতুন অধিনায়ক শুভমান গিলের প্রথম দায়িত্ব হিসেবে চিহ্নিত হয়েছে। কিন্তু দলটি একটি বড় ধাক্কা খেয়েছে, কারণ কোচ গৌতম গম্ভীরকে তার মা সীমা গম্ভীরের হৃদরোগের কারণে সফরের মাঝপথে দেশে ফিরতে হয়েছে। জানা গেছে, ১১ জুন সীমা গম্ভীর হৃদরোগে আক্রান্ত হন, ফলে গৌতমকে তড়িঘড়ি ভারতে ফিরতে হয়। ইন্ডিয়া টুডে'র খবর অনুযায়ী, তিনি আগামী ১৭ জুন দলের সঙ্গে যোগ দেবেন, যা লিডসের হেডিংলেতে প্রথম টেস্টের মাত্র তিন দিন আগে।

ইংল্যান্ড সফরটি ভারতীয় ক্রিকেটের এক নতুন অধ্যায়ের সূচনা করছে, কারণ এটি রোহিত শর্মা, বিরাট কোহলি এবং রবিচন্দ্রন অশ্বিনের টেস্ট ক্রিকেট থেকে অবসরের পর প্রথম সিরিজ। গিল এবং গম্ভীরের নেতৃত্বে ভারতীয় দল এক নতুন যুগে প্রবেশ করছে। গম্ভীরের প্রধান কোচ হিসেবে দায়িত্ব নেওয়ার পর থেকে টেস্ট ফরম্যাটে ভারতের সাম্প্রতিক ব্যর্থতার কারণে তার যোগ্যতা নিয়ে প্রশ্ন উঠেছে। তবে, ভারতীয় ক্রিকেট বোর্ড শেয়ার করা অনুশীলনের ভিডিওতে দেখা গেছে, গম্ভীর এই সিরিজের জন্য তরুণ দলকে নিয়ে উৎসাহের সঙ্গে প্রস্তুতি নিচ্ছেন। ভারতীয় দল ১৩ জুন থেকে ইন্ডিয়া এ-এর বিপক্ষে একটি অন্তঃস্কোয়াড প্রস্তুতি ম্যাচ খেলবে। গম্ভীর এই ম্যাচটিকে গোপনীয় রাখার সিদ্ধান্ত নিয়েছেন, যাতে প্রতিপক্ষ ইংল্যান্ড দল তাদের কৌশল সম্পর্কে কোনো ধারণা না পায়। এই চার দিনের প্রস্তুতি ম্যাচে খেলোয়াড়রা ৩৬০ ওভারের ম্যাচ সিমুলেশনে অংশ নেবে। এটি বোলারদের সিরিজ শুরুর আগে পর্যাপ্ত ওভার বোলিং করার সুযোগ দেবে, যা তাদের ফর্ম ও আত্মবিশ্বাস বাড়াতে সাহায্য করবে।

গত বছর টি-টোয়েন্টি বিশ্বকাপের পর গম্ভীর রাহুল দ্রাবিড়ের স্থলাভিষিক্ত হয়ে ভারতীয় দলের প্রধান কোচের দায়িত্ব গ্রহণ করেন। তাঁর কোচিংয়ের শুরুটা চ্যালেঞ্জিং ছিল, বিশেষ করে নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্ট ম্যাচে হারের মুখ দেখতে হয়। তবে সম্প্রতি তিনি ২০২৫ সালের চ্যাম্পিয়ন্স ট্রফিতে ভারতের জয়ের মাধ্যমে কোচ হিসেবে প্রথম বড় সাফল্য অর্জন করেছেন।

# বাংলাদেশের নতুন অধিনায়ক মিরাজ



**নিজস্ব প্রতিবেদন:** তিন সংস্করণের নেতৃত্ব থেকে নাজমুল হোসেন শান্তকে সরিয়ে লিটন দাসকে টি-টুয়েন্টি অধিনায়ক করা হয়েছে পাকিস্তান সিরিজের আগে। টেস্টে নতুন করে আরও একবছরের জন্য নেতৃত্বে থাকছেন শান্ত। তবে ওয়ানডেতে নেতৃত্ব হারালেন তিনি। ৫০ ওভারের ক্রিকেটে টাইগারদের নতুন অধিনায়ক হিসেবে মেহেদী হাসান মিরাজকে বেছে নিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

বৃহস্পতিবার সংবাদ বিজ্ঞপ্তিতে মিরাজের ওয়ানডেতে নতুন অধিনায়ক হিসেবে দায়িত্ব পাওয়ার বিষয়টি জানিয়েছে বিসিবি। টাইগার অলরাউন্ডারকে একবছরের জন্য দায়িত্ব দেয়া হয়েছে। আসন্ন শ্রীলঙ্কা সফরে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ দিয়ে নতুন দায়িত্ব শুরু হবে ২৭ বর্ষী মিরাজের। অবশ্য আগেও নিয়মিত অধিনায়ক শান্তর অনুপস্থিতিতে চারটি ওয়ানডেতে জাতীয় দলের নেতৃত্ব দিয়েছেন তিনি।

মিরাজকে অধিনায়ক হিসেবে দায়িত্ব দেয়ার ব্যাখ্যাও দিয়েছে বিসিবি। বোর্ডের ক্রিকেট অপারেশন্স কমিটির চেয়ারম্যান নাজমুল আবেদীন ফাহিম বলেছেন, 'বোর্ড মনে করছে ব্যাট ও বল হাতে মিরাজের ধারাবাহিক পারফরম্যান্স, তার লড়াই করার সামর্থ্য ও দলকে প্রেরণা দেয়া এবং মাঠে ও মাঠের বাইরে প্রাণবন্ত উপস্থিতি এই ক্রান্তিকালীন সময়ে ওয়ানডে দলকে নেতৃত্ব দেয়ার জন্য তাকে আদর্শ প্রার্থী বানিয়েছে। আমরা বিশ্বাস করি বাংলাদেশকে এই ফরম্যাটে এগিয়ে নেয়ার মতো টেম্পারমেন্ট ও ম্যাচিউরিটি তার আছে।'

১০৫ ওয়ানডেতে ১,৬১৭ রান এবং ১১০ উইকেট নিয়ে মিরাজ আইসিসি অলরাউন্ডার র‍্যাঙ্কিংয়ের চার নম্বরে আছেন। বাংলাদেশি ক্রিকেটারদের মধ্যে এখন এটাই সর্বোচ্চ। ওয়ানডেতে ন্যূনতম ১০০০ রান ও ১০০ উইকেট নেয়া ক্রিকেটারদের তালিকায় মোহাম্মদ রফিক, মাশরাফী বিন মোর্ত্তজা ও সাকিব আল হাসানের সঙ্গে আছেন তিনি।

# ইউরোপীয় সফরে টানা তৃতীয় জয়

## বেলজিয়ামকে ৩-২ গোলে পরাজিত করল ভারতীয় জুনিয়র মহিলা হকি দল

**নিজস্ব প্রতিবেদন, অ্যান্টওয়ার্প:** বৃহস্পতিবার অ্যান্টওয়ার্পের উইলরিজকসে প্লেইনের হকি সেন্টার অফ এক্সিলেন্সে বেলজিয়ামের বিরুদ্ধে ৩-২ ব্যবধানে জয়ের মাধ্যমে ভারতীয় জুনিয়র মহিলা হকি দল ইউরোপে তাদের জয়ের ধারা অব্যাহত রেখেছে। এটি সফরে ভারতের টানা তৃতীয় জয়।

ভারতের হয়ে সোনম ৪ মিনিটে, লালথান্টলুয়াঙ্গি ৩২ মিনিটে এবং কনিকা সিওয়াচ ৫১ মিনিটে গোল করেন, অন্যদিকে বেলজিয়াম মারি গোয়েনস ৩৭ মিনিটে এবং মার্টে মারি ৪০ মিনিটে গোল করেন। ভারত শুরুতেই আক্রমণাত্মক খেলা শুরু করে, চতুর্থ মিনিটে সোনম ফিল্ড গোলের মাধ্যমে গোল করে। প্রথমার্ধে ১-০ ব্যবধানে এগিয়ে যায় ভারত। তৃতীয় কোয়ার্টারে ৩২তম মিনিটে লালথান্টলুয়াঙ্গির পেনাল্টি কর্নার থেকে গোল করে দলটি এগিয়ে যায়।

বেলজিয়াম দ্রুত ঘুরে দাঁড়ায়, ৩ মিনিটের মধ্যে দুটি গোল করে। ৩৭ তম মিনিটে গোয়েনস পেনাল্টি স্ট্রোকে পরিণত করেন এবং ৪০ তম মিনিটে মার্তে মারি ফিল্ড গোল করে ম্যাচটি ২-২ গোলে সমতায় ফেরান। তবে চতুর্থ কোয়ার্টারের শেষের দিকে ভারত আবার নিয়ন্ত্রণ ফিরে পায়। ৫১ মিনিটে কনিকা পেনাল্টি কর্নার থেকে গোল করে লিড পুনরুদ্ধার করেন, যা দল ধরে রাখে এবং জয় লাভ করে। বেলজিয়ামের বিরুদ্ধে ৩টি ম্যাচই জিতেছে ভারত, এখন তাদের ইউরোপীয় সফর অব্যাহত রেখে ১৪ জুন, শনিবার অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে।



# ফিফা অনূর্ধ্ব-১৭ কাতার বিশ্বকাপের সময়সূচি ঘোষণা

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** কাতারে অনুষ্ঠিতব্য ফিফা অনূর্ধ্ব -১৭ বিশ্বকাপ ২০২৫, ৪৮টি দল অংশগ্রহণ করবে। ৩ থেকে ২৭ নভেম্বরে অনুষ্ঠিত হবে।

২৪ দিন ধরে মোট ৪৮টি দল ১০৪টি ম্যাচ খেলবে। তাদের ১২টি গ্রুপে ভাগ করা হয়েছে।

টুর্নামেন্টটি সম্পূর্ণরূপে বিশ্বমানের অ্যাসপায়ার একাডেমিতে আয়োজিত হবে, এবং ফাইনাল ম্যাচটি ঐতিহাসিক খলিফা আন্তর্জাতিক স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।

গ্রুপ বিন্যাস

গ্রুপ এ: কাতার, ইতালি, দক্ষিণ আফ্রিকা, বলিভিয়া

গ্রুপ বি: জাপান, মরক্কো, নিউ ক্যালেডোনিয়া, পর্তুগাল

গ্রুপ সি: সেনেগাল, ক্রোয়েশিয়া, কোস্টারিকা, সংযুক্ত আরব আমিরাত

গ্রুপ ডি: আর্জেন্টিনা, বেলজিয়াম, তিউনিসিয়া, ফিজি

গ্রুপ ই: ইংল্যান্ড, ভেনেজুয়েলা, হাইতি, মিশর

গ্রুপ এফ: মেক্সিকো, কোরিয়া, প্রজাতন্ত্র, কোট ডি'আইভরি, সুইজারল্যান্ড

গ্রুপ জি: জার্মানি, কলম্বিয়া, কোরিয়া ডিপিআর, এল সালভাদর

গ্রুপ এইচ: ব্রাজিল, হন্ডুরাস, ইন্দোনেশিয়া, জাম্বিয়া

গ্রুপ আই: মার্কিন যুক্তরাষ্ট্র, বুরকিনা ফাসো, তাজিকিস্তান, চেকিয়া

গ্রুপ জে: প্যারাগুয়ে, উজবেকিস্তান, পানামা, আয়ারল্যান্ড প্রজাতন্ত্র

গ্রুপ কে: ফ্রান্স, চিলি, কানাডা, উগান্ডা

গ্রুপ এল: মালি, নিউজিল্যান্ড, অস্ট্রিয়া, সৌদি আরব।

প্রথম ম্যাচে ৩ নভেম্বর স্বাগতিক কাতার ইউরোপীয় জায়ান্ট ইতালির মুখোমুখি হবে।

# ফিফা ক্লাব বিশ্বকাপ ২০২৫-এ পুরস্কারের অর্থ এক বিলিয়ন ডলার, বিজয়ীর জন্য থাকছে ১২৫ মিলিয়ন ডলার!

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** শনিবার থেকে শুরু হচ্ছে ক্লাব বিশ্বকাপ টুর্নামেন্ট। প্রথমবারের মতো এই টুর্নামেন্টে ৩২ টি দল অংশ নেবে আমেরিকায় ৪ সপ্তাহ ধরে চলবে এই টুর্নামেন্ট। নিউইয়র্ক, মিয়ামি, লস এঞ্জেলস এবং সিয়াটল সহ ১২ টি ভেনু থাকছে। ফাইনাল হবে মেট লাইফ স্টেডিয়াম, ইস্ট রাদারফোর্ড, এনজেতে। ফিফা ২০২৫ ক্লাব বিশ্বকাপের পুরস্কারের যে অর্থ প্রকাশ করেছে, তা এখনও পর্যন্ত সবচেয়ে লাভজনক ক্লাব টুর্নামেন্টে পরিণত করেছে।

বিজয়ী ১২৫ মিলিয়ন মার্কিন ডলার জিততে পারবেন। আর অংশগ্রহণকারী ৩২টি ক্লাবের মধ্যে মোট ১ বিলিয়ন মার্কিন ডলার ভাগাভাগি করে দেওয়া হবে। বিশ্বব্যাপী ক্লাব ফুটবলকে সমর্থন করার জন্য অতিরিক্ত ২৫০




মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করা হয়েছে। অংশগ্রহণের পুরস্কারের পরিমাণ ৫২৫ মিলিয়ন ডলার নির্ধারণ করা হয়েছে। র‍্যাঙ্কিং এবং আয়ের উপর ভিত্তি করে, উয়েফা অংশগ্রহণকারীরা সর্বাধিক পুরস্কারের অর্থ পাবে ১২.৮১ মিলিয়ন থেকে ৩৮.১৯ মিলিয়ন পর্যন্ত।

চেলসি, ম্যানচেস্টার সিটি, রিয়াল মাদ্রিদ এবং বায়ার্ন মিউনিখের মতো ক্লাবগুলি সম্ভবত শীর্ষ অর্থ পাবে।

অংশগ্রহণের জন্য কনমেবল ক্লাবগুলি প্রায় ১৫.২১ মিলিয়ন ডলার পাবে।

কনকাকাফ, সিএএফ এবং এএফসি ক্লাবগুলি ৯.৫৫ মিলিয়ন ডলার পাবে।

ওএফসি দলগুলি ৩.৫৮ মিলিয়ন ডলার পাবে।

এই টুর্নামেন্টে সাত ম্যাচের গ্রুপ পর্ব এবং প্লে-অফ ফরম্যাট থাকবে, যার সমস্ত আয় সরাসরি ক্লাব ফুটবলে যাবে।

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001** **RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

**নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড**-এর পক্ষে **কৃষ্ণানন্দ সিং** কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**